

মাসিক এমআইএস প্রতিবেদন

ফেব্রুয়ারি ২০২৫
৪২২ তম সংখ্যা



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ

BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LTD.

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

BAPEX Bhaban, 4 Kawran Bazar C/A, Dhaka-1215.

e-mail : gmplanning@bapex.com.bd web : www.bapex.com.bd

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
-	সূচীপত্র	০১
১	কোম্পানীর পরিচিতি	০২
২	GDF অর্থায়নে বাপেক্স পরিচালিত (অনুমোদিত) প্রকল্পসমূহের অগ্রগতির প্রতিবেদনঃ	০৩-০৬
	২.১ Procurement & Installation of Welhead Compressors at Srikail Gas Field.	০৩
	২.২ 2D Seismic Survey Over Exploration Block 6B South and 10 Project.	০৪
	২.৩ 3D Seismic Survey Over Zakiganj and Patharia West Project (1 st Revised).	০৫
	২.৪ 2Appraisal cum Development Wells (Sundalpur-4 & Srikail-5) and 2 Exploratory Wells (Sundalpur South-1 & Jamalpur-1) Drilling Project.	০৬
৩	এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিষয়ক প্রতিবেদন	০৭-০৮
৪	বিভিন্ন বিভাগের বাস্তব অগ্রগতির বিবরণ	০৯-২২
	৪.১ ভূতাত্ত্বিক বিভাগ	০৯-১০
	৪.২ ভূপদার্থিক বিভাগ	১১-১২
	৪.৩ খনন পরিচালনা বিভাগ	১৩
	৪.৪ ওয়েল সার্ভিসেস বিভাগ	১৪
	৪.৫ পরীক্ষাগার বিভাগ	১৫
	৪.৬ উৎপাদন বিভাগ	১৬-১৭
	৪.৭ প্রকৌশল বিভাগ	১৮
	৪.৮ রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট বিভাগ	১৯
	৪.৯ প্লানিং এন্ড আইসিটি বিভাগ	২০-২১
	৪.১০ আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম	২২
৫	বিবিধ তথ্য	২৩-২৮
	৫.১ লোকবল	২৩
	৫.২ কোম্পানীর e-Governance সংক্রান্ত তথ্য	২৪-২৫
	৫.৩ রাষ্ট্রীয় কোষাগারে অর্থ প্রদানের বিবরণী	২৬
	৫.৪ নগদ তহবিল বিবরণী	২৬
	৫.৫ বোর্ড, গণসংযোগ ও আইন এবং চুক্তি সংক্রান্ত কার্যাবলী	২৭
	৫.৬ আত্মীকরণ, পদোন্নতি, অবসর গ্রহণ, শোক সংবাদ, পদত্যাগ, নিয়োগ, বদলি, বরখাস্ত, লিয়েন ও প্রেষণ	২৮
৬	সমাপ্ত প্রকল্প ও ওয়ার্কওভার কার্যক্রম সমূহের বিবরণ	২৯-৩৬
	৬.১ সমাপ্ত প্রকল্প সমূহের বিবরণ	২৯-৩২
	৬.২ সম্পাদিত ওয়ার্কওভার কার্যক্রম সমূহের বিবরণ	৩৩-৩৪
	৬.৩ বাপেক্স ও এর পূর্বসূরী কর্তৃক অনুসন্ধান ও উৎপাদন কূপ খনন কার্যক্রমের বিবরণী	৩৫-৩৬
৭	বাপেক্স এর গ্যাসফিন্ডসমূহের মজুদ ও উৎপাদন চিত্র	৩৭

ক্রমিক	বিষয়বস্তু	বর্ণনা
০১	কোম্পানীর নামঃ	বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
০২	কোম্পানীর প্রধান কার্যালয়ঃ	বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫।
০৩	কোম্পানীর উদ্দেশ্য ও কার্যপরিধিঃ	<ul style="list-style-type: none"> * তেল ও গ্যাস অনুসন্ধান, উন্নয়ন ও উৎপাদনের জন্য ভূতাত্ত্বিক ও ভূকম্পন জরিপ এবং খনন কার্যক্রম পরিচালনা করা। * দেশের অভ্যন্তরে বা দেশের বাহিরে এককভাবে বা যৌথ উদ্যোগে অথবা অন্য কোন চুক্তির ভিত্তিতে উৎপাদন, প্রক্রিয়াকরণ, সঞ্চালন, বিতরণ এবং বিপণন অথবা এতদসম্পর্কিত অন্যান্য পণ্যের উৎপাদন ও বিপণন সংক্রান্ত বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করা। * ভূপদার্থিক ও ভূতাত্ত্বিক উপাত্ত মূল্যায়ন, বেসিন পর্যালোচনা, অনুসন্ধান ও উন্নয়নের লক্ষ্যে খনন, ভূতাত্ত্বিক ও ভূ-রসায়নিক বিশ্লেষণ ইত্যাদির ক্ষেত্রে সেবা প্রদান করা।
০৪	তত্ত্বাবধায়ক সংস্থাঃ	বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)।
০৫	প্রশাসনিক মন্ত্রণালয়ঃ	বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।
০৬	পাবলিক লিমিটেড কোম্পানী (অনুসন্ধান) হিসাবে নিবন্ধিতঃ	০৩ এপ্রিল, ১৯৮৯।
০৭	তেল ও গ্যাস অনুসন্ধান কোম্পানী হিসাবে কোম্পানীর কার্যক্রম শুরুর তারিখঃ	০১ জুলাই, ১৯৮৯।
০৮	তেল ও গ্যাস অনুসন্ধান ছাড়াও উৎপাদন কোম্পানী হিসাবে সরকার কর্তৃক অনুমোদন প্রদানের তারিখঃ	২৯ ফেব্রুয়ারী, ২০০০।
০৯	পাবলিক লিমিটেড কোম্পানী (অনুসন্ধান ও উৎপাদন) হিসাবে নিবন্ধিতঃ	২৩ এপ্রিল, ২০০২।
১০	কোম্পানীর কূপ খনন ও গ্যাস আবিষ্কারের সফলতার হারঃ	২:১
১১	কোম্পানীর পরিচালকমন্ডলীর ১ম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার তারিখঃ	২৯ জুলাই, ১৯৯২।
১২	কোম্পানীর পরিচালকমন্ডলীর সদস্য সংখ্যাঃ	০৭ (সাত) জন।
১৩	গ্যাস সরবরাহকৃত কোম্পানীর নামঃ	টিজিটিডিসিএল, বিজিডিসিএল, কেজিডিসিএল, জিটিসিএল, এসজিসিএল
১৪	কনডেনসেট সরবরাহকৃত কোম্পানীর নাম	বিজিএফসিএল, এসজিএফএল এবং বিপিসি
১৫	কোম্পানীর মোট অনুমোদিত মূলধনের পরিমাণঃ	৩০০ (তিনশত) কোটি টাকা।
১৬	কোম্পানীর পরিশোধিত মূলধনের পরিমাণঃ	১২০ (একশত বিশ) কোটি টাকা যা ১২০ (একশত বিশ) লক্ষ শেয়ারে বিভক্ত।

২। GDF অর্থায়নে পরিচালিত (অনুমোদিত) প্রকল্পসমূহের অগ্রগতির প্রতিবেদন

২.১ Procurement & Installation of Wellhead Compressors at Srikail Gas Field (1st Revised)

১। প্রকল্পের নামঃ	Procurement & Installation of Wellhead Compressors at Srikail Gas Field.	
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ০৩-০৮-২০২১ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।	
৩। প্রকল্পের অবস্থানঃ	মুরাদনগর, কুমিল্লা, চট্টগ্রাম।	
৪। বাস্তবায়ন কালঃ	০১ জুলাই, ২০২১ হতে ডিসেম্বর, ২০২৩।	
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা :	৩,৩২০.০০ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা :	১৫,৯২০.০০ লক্ষ টাকা
	মোট :	১৯,২৪০.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	➤ To increase the inlet gas pressure of process plant by installing wellhead compressors downstream of wellhead for extracting maximum amount of gas by maintaining the operating pressure of the process plant and sales/transmission line.	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ	<p>১. গ্রীকাইল গ্যাসফিল্ডে Wellhead Compressor ও আনুষঙ্গিক ফ্যাসিলিটিজ ক্রয়পূর্বক সংগ্রহ ও স্থাপনের লক্ষ্যে Internatioal Consultancy Service Provider SPG STEINER GmbH, Germany কর্তৃক দরপত্র দলিল চূড়ান্ত করা হয়। পিআইসিপিএসসি ও বাপেক্স পরিচালনা , পর্যবেক্ষণনির্দেশনা মোতাবেক উক্ত প্রতিষ্ঠানের সাথে চুক্তির মেয়াদকাল ২০২৫ পর্যন্ত বর্ধিত করে সংশোধিত চুক্তি সম্পাদন করা হয়।</p> <p>২. সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির নির্দেশনার প্রেক্ষিতে ১১ মার্চ ২০২৪ তারিখের আহ্বায়িত দরপত্রের সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান S.C Euro Gas Systems S.R.R, Romania কে (NOA) প্রদান করা হয়। দরদাতা প্রতিষ্ঠান S.C Euro Gas Systems S.R.R, Romania কর্তৃক ২০ মার্চ ২০২৪ তারিখে NOA এর Acceptance প্রদান করা হয়। ০৮ এপ্রিল ২০২৪ তারিখে দরদাতা প্রতিষ্ঠান S.C Euro Gas Systems S.R.R, Romania কর্তৃক Performance Security (PS) জমা প্রদান করা হয়।</p> <p>৩. বাপেক্স ও Euro Gas Systems S.R.R, Romania এর মধ্যে ২৩ এপ্রিল ২০২৪ তারিখে গ্রীকাইল গ্যাসফিল্ডে প্রতিটি দৈনিক ১০ মিলিয়ন ঘনফুট ক্ষমতাসম্পন্ন ৩টি ওয়েলহেড কম্প্রেসর ও আনুষঙ্গিক ফ্যাসিলিটিজ সংগ্রহ ও স্থাপন এর নিমিত্ত একটি চুক্তি স্বাক্ষর হয়। সম্পাদিত চুক্তির বিপরীতে এলসি স্থাপন করা হয়েছে।</p> <p>৪. প্রকল্প এলাকায় পাইলিং এর নিমিত্ত Soil Test করা হয়েছে এবং নির্মাণ কাজের সুবিধার্থে ইন্টার সলিং সরানো হয়েছে। অতিরিক্ত বৃষ্টিপাত না থাকায় মাড পিটের সকল মাড গ্রীকাইল গ্যাস ফিল্ড হতে ০৫ (পাঁচ) কিলোমিটার দূরে গ্রীকাইল নর্থ এর মাড পিটে স্থানান্তর করা হয়েছে। বালু ভরাটের কাজ ও কম্পাকশনের কাজ সম্পন্ন হয়েছে।</p> <p>৫. প্রকল্পের লে আউট প্ল্যান এবং জেনারেটর বিল্ডিং ও এয়ার কম্প্রেসর রুমের Extension, ওয়ার্কশপ, স্টোর, পাম্প হাউস এর ডিজাইন ও ড্রয়িং চূড়ান্ত করা হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক লে আউট প্ল্যান অনুযায়ী মাঠ পর্যায়ে ওয়ার্কশপ ও স্টোর নির্মাণের কাজ শুরু হয়েছে।</p> <p>৬. প্রকল্পের অনুকূলে চলতি ২০২৪-২০২৫ অর্থবছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে ১ম কিঙ্কিতে ২১০০.০০ (দুই হাজার একশত) লক্ষ টাকা অর্থছাড় করা হয়েছে এবং আরএডিপি'তে ৩০০০.০০ (তিন হাজার) লক্ষ টাকা বরাদ্দ চাওয়া হয়েছে।</p>	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (ফেব্রুয়ারি, ২০২৫ পর্যন্ত):	স্থানীয় মুদ্রা :	৫১৭.৮৯ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা :	২৭৫.০০ লক্ষ টাকা
	মোট :	৭৯২.৮৯ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ	বাস্তব	আর্থিক
	৭.৪০%	৪.১২%

২.২

2D Seismic Survey Over Exploration Block 6B South and 10 Project.

১। প্রকল্পের নামঃ	2D Seismic Survey Over Exploration Block 6B South and 10 Project.
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ০৬-০৬-২০২২ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।
৩। প্রকল্পের অবস্থানঃ	গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, ফরিদপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠি, নোয়াখালী, লক্ষ্মীপুর, কুমিল্লা, চাঁদপুর জেলার বিভিন্ন এলাকা।
৪। বাস্তবায়ন কালঃ	০১ জুলাই, ২০২২ হতে জুন, ২০২৫।
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা : ৬,৬৯৯.০০ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ৮,৪৯৬.০০ লক্ষ টাকা মোট : ১৫,১৯৫.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	<ul style="list-style-type: none"> ➤ To turn the lease into prospects identified from previously conducted 2D seismic data in exploration Block 6B South and 10 by delineating the presence of sub-surface hydrocarbon in Muladi and adjacent areas having the similar geological characteristics of Bhola Gas Field located on the northern side of this Gas Field. ➤ Demarcating exploratory well location on previously identified seismic leads in exploration Block 6B South and 10. ➤ Identification of possible drillable subsurface location at potential leads/ prospects and determination of possible structural/stratigraphic/ combination trap located at transitional zone in between Bhola North and Muladi area.

৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ

১. Engagement of International Seismic Service Provider নিয়োগের জন্য ৪৮৩তম বাপেক্স বোর্ড সভায় আর্থিক মূল্যায়ন প্রতিবেদন ও সার্ভিস প্রোভাইডার নিয়োগের চুক্তির অনুমোদন পাওয়া গেছে। আইনজীবী কর্তৃক vetting করা হয়েছে। Sinopec International Petroleum Service Corporation এর সাথে চুক্তি সম্পন্ন হয়েছে। চুক্তির ডকুমেন্ট NBR এর vetting সম্পন্ন হয়েছে। LC স্থাপন সম্পন্ন হয়েছে। আমদানিকৃত বিস্ফোরক দ্রব্যাদির Prepermit License পাওয়া গিয়েছে। Scouting সম্পন্ন হয়েছে। উপাত্ত সংগ্রহের লক্ষ্যে মালামাল/যন্ত্রপাতি আমদানী সম্পন্ন হয়েছে। সাইসমিক উপাত্ত সংগ্রহ কার্যক্রম চলমান আছে।

২. যানবাহন ভাড়া করণ ও অস্থায়ী জনবল নিয়োগের লক্ষ্যে চুক্তির কার্যক্রম সম্পন্ন হয়েছে ও সেবা গ্রহন চলমান।

৩. আমদানিকৃত বিস্ফোরক দ্রব্যাদি বাপেক্সের পোমরা ম্যাগাজিন এ স্থানান্তর করা হয়েছে এবং মাঠ পর্যায়ে ব্যবহৃত হচ্ছে।

৪. আমদানিকৃত পজিশনিং/টপো সার্ভে যন্ত্রপাতি ও হার্ডওয়্যার-সফটওয়্যার এর মালামাল সমূহ হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে খালাস করে মাঠপর্যায়ে ব্যবহার করার জন্য রামগঞ্জ, লক্ষ্মীপুর এ স্থানান্তর করা হয়েছে। ২ডি ফিল্ড প্লানিং/ ডিজাইন/মান নিয়ন্ত্রণ ও ফিল্ড প্রসেসিং যন্ত্রপাতি ও হার্ডওয়্যার-সফটওয়্যার এর নতুন করে আন্সানকৃত দরপত্রের বিপরীতে কারিগরি ও আর্থিক মূল্যায়ন সম্পন্ন হয়েছে। NOA ইস্যু করা হয়েছে। ক্রয়াদেশ প্রদান করা হয়েছে। LC এর কাজ চলমান। ডাটা ইন্টারপ্রিটেশন সিস্টেমের হার্ডওয়্যার ও সফটওয়্যার এর নতুন করে আন্সানকৃত দরপত্রের বিপরীতে NOA ইস্যু করা হয়েছে। সর্বনিম্ন দরদাতা PG প্রদান করেছে। ক্রয়াদেশ প্রদান করা হয়েছে। LC স্থাপন সম্পন্ন হয়েছে। PSI সম্পন্ন হয়েছে। ডাটা ইন্টারপ্রিটেশন সিস্টেমের সফটওয়্যার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে খালাস করে বাপেক্সের প্রধান কার্যালয়ে স্থানান্তর করা হয়েছে এবং হার্ডওয়্যার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে খালাস এর প্রক্রিয়া চলমান আছে। ড্রিলিং মেশিন এন্ড এক্সেসরিজ এর মালামাল সমূহ বাপেক্সের চট্টগ্রাম কার্যালয় হতে রামগঞ্জ, লক্ষ্মীপুর এ স্থানান্তর করা হয়েছে এবং মাঠপর্যায়ে ব্যবহৃত হচ্ছে।

৫. কমিউনিকেশন যন্ত্রপাতি (ওয়াকিটকি) ক্রয়ের জন্য কোন গ্রহণযোগ্য প্রতিষ্ঠান না পাওয়ায় “২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক- ৬বি সাউথ এন্ড ১০” শীর্ষক প্রকল্পের স্ট্রয়ারিং কমিটির ২য় সভার সিদ্ধান্ত অনুযায়ী ‘কমিউনিকেশন যন্ত্রপাতি (ওয়াকিটকি) ক্রয় বাদ দেয়া যেতে পারে এবং তৎপরিবর্তে অন্য প্রকল্পের ওয়াকিটকি ব্যবহার করা যেতে পারে’ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৬. ডাটা একুইজিশন সিস্টেমের জন্য হার্ডওয়্যার-সফটওয়্যার ও আনুষঙ্গিক যন্ত্রপাতির দরপত্রের বিপরীতে LOT-1 এর আওতায় আমদানিকৃত মালামাল সমূহ চট্টগ্রাম বন্দর হতে খালাস করে বাপেক্সের চট্টগ্রামস্থ আঞ্চলিক কার্যালয়ে স্থানান্তর করা হয়েছে এবং LOT-2 এর আওতায় আমদানিকৃত জিওফোন মাঠ পর্যায়ে ব্যবহৃত হচ্ছে।

৭. হার্ডওয়্যার-সফটওয়্যারসহ ২ডি ডাটা প্রসেসিং সিস্টেম এর মালামাল সমূহ হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে খালাস করে বাপেক্সের প্রধান কার্যালয়ে স্থানান্তর করা হয়েছে এবং ২ডি ডাটা প্রসেসিং এর কাজে ব্যবহৃত হচ্ছে।

৮. বিশেষজ্ঞ সেবা গ্রহণের লক্ষ্যে পত্রিকায় প্রকাশিত EOI আবেদনের বিপরীতে প্রাপ্ত EOI সমূহ ২৮-০৩-২০২৪ তারিখে উন্মোচিত হয়েছে। কারিগরি মূল্যায়ন সম্পন্ন হয়েছে। সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রতিষ্ঠান RFP দাখিল করেছে। RFP এর কারিগরি মূল্যায়ন সম্পন্ন হয়েছে, আর্থিক মূল্যায়নে সর্বনিম্ন দর প্রস্তাবকারীর সাথে Negotiation সম্পন্ন হয়েছে। NOA ইস্যু করা হয়েছে। লট-১-৫ এর চুক্তির কার্যক্রম সম্পন্ন হয়েছে। LC স্থাপনের কাজ চলমান।

৯. বাপেক্স এর নিজস্ব জনবল দ্বারা ২০২৪-২০২৫ মৌসুমের মাঠ পর্যায়ের সাইসমিক উপাত্ত সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে।

৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (ফেব্রুয়ারি, ২০২৫ পর্যন্ত):	স্থানীয় মুদ্রা : ৪০৪৩.১৮ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ৭৬২.০০ লক্ষ টাকা মোট : ৪৮০৫.১৮ লক্ষ টাকা
--	---

৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ	বাস্তব : ৩৪.৭০% আর্থিক : ৩১.৬২%
---	------------------------------------

২.৩ 3D Seismic Survey Over Zakiganj and Patharia West Project (1st Revised).

১। প্রকল্পের নামঃ	3D Seismic Survey Over Zakiganj and Patharia West Project.	
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ২৫-০৪-২০২২ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।	
৩। প্রকল্পের অবস্থানঃ	সিলেট ও মৌলভীবাজার জেলার সিলেট সদর, জকিগঞ্জ, কুলাউরা এবং বড়লেখা উপজেলা।	
৪। বাস্তবায়ন কালঃ	০১ মার্চ, ২০২২ হতে ৩০ জুন, ২০২৫।	
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা : ৬,৪৪৮.০০ লক্ষ টাকা নগদ বৈঃ মুদ্রা : ৪,৬৫৬.০০ লক্ষ টাকা মোট : ১১,১০৪.০০ লক্ষ টাকা	
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	<ul style="list-style-type: none"> ➤ To Acquire 580 sq.km. 3D seismic data over exploration block 13 & 14 among them 200 sq.km. area over Zakiganj structure of Zakiganj Upazilla under Sylhet District and 380 sq.km. area over Patharia West structure of Borolekha and Kulaura Upazilla under Moulavi bazar district. ➤ After completion of processing and interpretation of the acquired data the main purposes is to identify new hydrocarbon filled reservoir and calculate the amount of hydrocarbon and to indentify new exploratory, appraisal and development well location of project area. 	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ	<ol style="list-style-type: none"> ১. জকিগঞ্জ গ্যাসক্ষেত্রের ২০০ বর্গ কি.মি. এলাকায় ৩ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ ও প্রক্রিয়াকরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। ২. জকিগঞ্জ গ্যাসক্ষেত্র হতে সংগৃহীত উপাত্ত সমূহের চূড়ান্ত বিশ্লেষণ প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। উক্ত গ্যাসক্ষেত্র হতে সংগৃহীত উপাত্তের প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ কাজ শেষে ২টি কূপ খননের স্থান সরেজমিনে (লোকেশন) প্রদান করা হয়েছে। ৩. পাথারিয়া ভূগঠনের ৩৮০ বর্গ কি.মি. উপাত্ত সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে। পাথারিয়া ভূগঠনের সংগৃহীত ৩ডি সাইসমিক উপাত্ত সমূহের প্রাথমিক প্রক্রিয়াকরণ শেষে Raw PSTM, PSTM Post Processing data Interpretation কাজের জন্য প্রদান করা হয়েছে। বর্তমানে পাথারিয়া ভূগঠন হতে সংগৃহীত উপাত্তের Depth Migration সম্পন্ন করার জন্য Initial Model Building এর কাজ চলমান আছে। ৪. জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পত্র নং-২৮.০০.০০০০.০৩৬.১৪.০১১.২১.৪৭, তারিখ: ২৫ জুলাই ২০২৪ মোতাবেক প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়েছে। ৫. ২০২৪-২০২৫ অর্থ বছরে ১,০০০.০০ (দশ কোটি) লক্ষ টাকা অর্থ ছাড় করা হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে ফেব্রুয়ারি, ২০২৫ পর্যন্ত মোট ৯১২.৫২ লক্ষ টাকা ব্যয় হয়েছে। মোট অগ্রগতি ৯১.২৫%। ৬. প্রকল্পের আওতায় ড্রিলিং মেশিনারিজ এন্ড এক্সেসরিজ, বিস্ফোরক দ্রব্যাদি, ফিল্ড প্ল্যানিং/ডিজাইন/ফিল্ড প্রসেসিং যন্ত্রপাতি, হার্ডওয়্যার ও সফটওয়্যার, ৩ডি ডাটা একুইজিশন সিস্টেম, পজিশনিং/টপোগ্রাফি সার্ভে যন্ত্রপাতি এবং হার্ডওয়্যার-সফটওয়্যারসহ ৩ডি ডাটা ইন্টারপ্রিটেশন সিস্টেম ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। ৭. বিশেষজ্ঞ সেবা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহের সাথে চুক্তি সম্পাদন সম্পন্ন হয়েছে। লট-১, লট-২ ও লট-৩ এর বিশেষজ্ঞ সেবা গ্রহণ সম্পন্ন হয়েছে। লট-৪ এর বিশেষজ্ঞ সেবা গ্রহণের মাধ্যমে পাথারিয়া ভূগঠনের উপাত্ত প্রক্রিয়াকরণ কাজ চলমান আছে। উপাত্ত প্রক্রিয়াকরণ কাজ শেষে লট-৫ এর বিশেষজ্ঞ সেবা গ্রহণের মাধ্যমে পাথারিয়া ভূগঠনের উপাত্ত বিশ্লেষণ এর কাজ শুরু করা হবে। 	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (ফেব্রুয়ারি, ২০২৫ পর্যন্ত):	স্থানীয় মুদ্রা : ৪৪৩৯.০৫ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ৩৮০১.০০ লক্ষ টাকা মোট : ৮২৪০.০৫ লক্ষ টাকা	
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ	বাস্তব ৮২.৬০%	আর্থিক ৭৪.২১%

২.৪ 2Appraisal cum Development Wells (Sundalpur-4 & Srikail-5) and 2 Exploratory Wells (Sundalpur South-1 & Jamalpur-1) Drilling Project.

- ১। প্রকল্পের নামঃ **2Appraisal cum Development Wells (Sundalpur-4 & Srikail-5) and 2 Exploratory Wells (Sundalpur South-1 & Jamalpur-1) Drilling Project.**
- ২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ প্রকল্পটি ১৮-০৯-২০২৪ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।
- ৩। প্রকল্পের অবস্থানঃ জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলা, কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলা এবং নোয়াখালী জেলার সেনবাগ ও কোম্পানীগঞ্জ উপজেলা।
- ৪। বাস্তবায়ন কালঃ ০১ অক্টোবর, ২০২৪ হতে ৩১ ডিসেম্বর, ২০২৬।

- ৫। প্রকল্প ব্যয়ঃ স্থানীয় মুদ্রা : ২২,৬৫৫.০০ লক্ষ টাকা
নগদ বৈদেশিক মুদ্রা : ৩,১৮৫.০০ লক্ষ টাকা
মোট : ৫৮,৮৪০.০০ লক্ষ টাকা

- ৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ
- Drilling, testing and completion of Sundalpur-4 appraisal cum development well at a depth of 1450 +100) meters, Srikail-5 appraisal cum development well at a depth of 3450 (50) Meters, Sundalpur south-1 exploration well at a depth of 3300 (100) meters & Jamalpur-1 exploration well at a depth of 2800 (1200) Meters to meet the growing energy needs of the country;
 - Discovery of commercial gas after drilling the said 4 wells will increase the gas reserves (GIIP) by approximately 620 Bcf, of which 442 Bcf are recoverable reserves. Subject to receiving gas the wells will produce 55.0 mmscf daily in the 1st year and 20.0 mmscf daily in the 20th year.

- ৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ
১. প্রকল্পের আওতাধীন জামালপুর-১ অনুসন্ধান কূপ খনন এলাকার ৫.৮৮৫ একর ভূমি অধিযাচন সম্পন্ন ও সুন্দলপুর সাউথ-১ অনুসন্ধান কূপ খনন এলাকার ৫.৩৫৪ একর ভূমি অধিযাচন কার্যক্রম চলমান। এছাড়াও সুন্দলপুর-৪ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ ৬.৫৫৭ একর ভূমি অধিযাচন কার্যক্রম চলমান।
 ২. প্রকল্পের আওতাধীন জামালপুর-১ অনুসন্ধান কূপ খনন এলাকার ৫.৮৮৫ একর ভূমি অধিযাচন সম্পন্ন করে ভূমি উন্নয়ন ও পূর্ত নির্মাণ কার্যক্রম সম্পন্ন হয়েছে ও সুন্দলপুর সাউথ-১ অনুসন্ধান কূপ খনন এলাকার ৫.৩৫৪ একর ভূমি অধিযাচন শেষে ভূমি উন্নয়ন ও পূর্ত নির্মাণ কার্যক্রম সম্পন্ন করা হবে এছাড়াও সুন্দলপুর-৪ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ ৬.৫৫৭ একর ভূমি অধিযাচন শেষে ভূমি উন্নয়ন ও পূর্ত নির্মাণ কার্যক্রম সম্পন্ন করা হবে ও শ্রীকাইল-৫ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ এলাকার ভূমি উন্নয়ন কাজ চলমান আছে। সেইসাথে কূপ এলাকার রিগ ফাউন্ডেশন ও মেশিনারী ফাউন্ডেশন কাজ সম্পন্ন হয়েছে এবং অন্যান্য পূর্ত কাজ চলমান আছে।
 ৩. প্রকল্পের আওতাধীন কুলসমূহে কূপ খননকালীন সময়ে ব্যবহারের জন্য বৈদেশিক মালামাল। যন্ত্রপাতি, সরঞ্জাম ও অন্যান্য মালামালের ৪৩ টি প্যাকেজের মধ্যে ২০ টি প্যাকেজের NOA প্রদান করা হয়েছে। ০৮ টি প্যাকেজের PO ইস্যু সম্পন্ন হয়েছে, LC স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে।
 ৪. প্রকল্পের কূপসমূহে কাজের প্রয়োজন অনুযায়ী ৩১ টি প্যাকেজের স্থানীয় মালামাল। যন্ত্রপাতি, সরঞ্জাম ও অন্যান্য মালামালের ক্রয় করা হচ্ছে।
 ৫. প্রকল্পের আওতাধীন কূপসমূহে কূপ খননকালীন সময়ে তৃতীয় পক্ষীয় সেবা গ্রহণের লক্ষ্যে ২১টি প্যাকেজের মধ্যে ইতোমধ্যে ০৯টি প্যাকেজ-এর চুক্তি সম্পন্ন হয়েছে। অবশিষ্ট তৃতীয় পক্ষীয় সেবা প্যাকেজের চুক্তির কার্যক্রম চলমান।
 ৬. প্রকল্পের আওতাধীন কূপসমূহের মধ্যে জামালপুর-১ অনুসন্ধান কূপ খননের জন্য ইতোমধ্যে বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট) কূপ এলাকা হতে বিজয়-১০ রিগ ও খনন সংশ্লিষ্ট যন্ত্রপাতি জামালপুর-১ অনুসন্ধান কূপ এলাকায় স্থানান্তর রিগ বিল্ডিং, কমিশনিং ও টেস্টিং কার্যক্রম শেষে গত ১৩-০১-২০২৫ তারিখে রিগ আপ সম্পন্ন করত: ২৪-০১-২০২৫ তারিখে কূপ খনন কাজের উদ্বোধন (Spud-In) করা হয়েছে। কূপ খনন কার্যক্রম চলমান। ৪০ মিটার খনন গভীরতায় ১৩%, কেসিং-সিমেন্টিং সম্পন্ন করে ১২%, হোল সেকশন খনন কাজের প্রস্তুতি চলমান।

- ৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (ফেব্রুয়ারি, ২০২৫ পর্যন্ত):
- স্থানীয় মুদ্রা : - লক্ষ টাকা
নগদ বৈদেশিক মুদ্রা : - লক্ষ টাকা
মোট : - লক্ষ টাকা

- ৯। ডিপির বিপরীতে বাস্তব আর্থিক অগ্রগতির শতকরা হারঃ - -

৩। এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিষয়ক প্রতিবেদন

গৃহীত পদক্ষেপ		দুর্ঘটনা সম্পর্কীয় তথ্যাদি
পরিবেশ	সেইফটি	
১) কোম্পানীর ঢাকাস্থ দপ্তরসমূহ নিয়মিত ভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয়। নিরাপত্তামূলক ব্যবস্থায় ক্রোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে সার্বক্ষণিক মনিটরিং করা হচ্ছে।	১) প্রধান কার্যালয়ে প্রবেশের ক্ষেত্রে নিরাপত্তার জন্য বহিরাগত ব্যক্তির তথ্যাদি এন্ট্রি বইয়ে সংরক্ষণ সংরক্ষণ করা হয়ে থাকে। কোম্পানীর প্রধান কার্যালয়ে বিভিন্ন তলায় স্থাপিত এক্সটিংগুইশারগুলোর মেয়াদ হাল নাগাদ করা আছে এবং যে কোন দুর্ঘটনার সময় ব্যবহারের লক্ষ্যে প্রস্তুত রাখা হয়েছে। Pandemic (COVID-19) মোকাবেলায় স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পেশাগত দায়িত্ব পালনে স্বাস্থ্যবিধি মেনে মাস্ক পরিধান করে দায়িত্ব পালন করা হচ্ছে।	প্রতিবেদনকালীন মাসে কোম্পানীর কোন ফিল্ড/স্থাপনা/বিভাগে অপারেশনাল, রক্ষণাবেক্ষণ ও পরিবেশগত কোনরূপ দুর্ঘটনা/অনুঘটনা ঘটেনি।
২) কোম্পানীর ঢাকায় চলাচলরত পেট্রোলচালিত যানবাহনের মধ্যে অধিকাংশ যানবাহনকে সিএনজিতে রূপান্তর করা হয়েছে।	২) প্রধান কার্যালয়ের প্রবেশ পথে ও প্রতিটি তলায় নিরাপত্তা প্রহরীগণ নিরাপত্তা কাজে নিয়োজিত আছেন।	
৩) বাপেক্সের ডাটা ম্যানেজমেন্ট উপ-বিভাগের টেপ প্রিজারভেশন কক্ষ সংরক্ষিত ম্যাগনেটিক টেপ ও অন্যান্য ডকুমেন্টস এবং ডাটা প্রিজারভেশন কক্ষে সংরক্ষিত সাইসমিক সেকশন, ওয়েল লগ, বিভিন্ন রিপোর্ট ইত্যাদির হার্ড কপি ডাটা প্রয়োজনীয় সহায়ক পরিবেশে সংরক্ষণের জন্য এয়ারকুলার ও ডিহিউমিডিফায়ারের সাহায্যে অফিস সময়ের পর এবং সরকারী ছুটির দিনে টেপ ও ডাটা স্টোরের তাপমাত্রা ও আদ্রতা নিয়ন্ত্রণ করা হয়।	৩) বাপেক্সের ডাটা সেন্টারের মজুদকৃত ডাটার জন্য পেট্রোসেন্টারের ১০ম তলায় ডাটা সেন্টার অফিসে ১৭টি অগ্নিনির্বাপক যন্ত্র সচল রাখার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।	
৪) বাপেক্সের পরীক্ষাগারে ব্যবহৃত যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি সংশ্লিষ্ট ম্যানুয়ালে বর্ণিত নিয়মানুযায়ী স্থাপিত ও ব্যবহৃত হয়ে থাকে।	৪) বাপেক্সের পরীক্ষাগারে সেইফটি বিধিমালায় আলোকে যথাযথ সতর্কতা অবলম্বন করে অত্র বিভাগের কার্যাদি পরিচালিত হয়ে আসছে।	
৫) ওয়েল সার্ভিসেস বিভাগের কার্যক্রম সেইফটি বিধিমালায় আলোকে যথাযথ সতর্কতা অবলম্বন করে বিভিন্ন কেমিক্যালের MSDS Sheet অনুযায়ী পরিচালিত হচ্ছে।	৫) ওয়েল সার্ভিসেস বিভাগের বিভিন্ন উপ-বিভাগসমূহে ব্যবহৃত ইকুইপমেন্ট, যন্ত্রপাতি ও কেমিক্যাল যথাযথ নিয়ম মেনে ব্যবহার করা হয়েছে।	
৬) ফেঞ্চুগঞ্জ গ্যাস ক্ষেত্র এলাকায় বিভিন্ন সময়ে রোপনকৃত বিভিন্ন প্রকার বনজ, ফলজ, ঔষধি ও ফুলের গাছ ও বাগান নিয়মিত পরিচর্যা ও পরিচ্ছন্ন রাখা হয়েছে। প্রসেস প্লান্ট, সিকিউরিটি পোস্ট, মেইন গেট, স্ক্রীম পিট, গ্যাদারিং লাইন, ট্যাংক এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ নিয়মিত চলছে। সার্বক্ষণিক First Aid ব্যবস্থা রাখা আছে।	৬) ফেঞ্চুগঞ্জ গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা প্রহরী/আনসার দ্বারা সার্বক্ষণিক নিরাপত্তা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। গ্যাস ক্ষেত্রের প্রবেশ ফটক সার্বক্ষণিক বন্ধ থাকে এবং নিরাপত্তা কর্মী নিয়োজিত আছে। গ্যাস ক্ষেত্রের নিরাপত্তা ও পর্যবেক্ষণের জন্য কেপিআই সার্ভে টিম ও ভিজিটেশ টিম সময় সময়ে পরিদর্শন করে থাকে। উক্ত স্থাপনায় বিভিন্ন সেইফটি সাইন রয়েছে। নিরাপত্তামূলক ব্যবস্থা ক্রোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে মনিটরিং করা হচ্ছে।	
৭) সালদানদী গ্যাস ক্ষেত্র এলাকা নিয়মিত ভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন করা সালদানদী গ্যাস ক্ষেত্রের কর্মকর্তা-কর্মচারীগণের ক্যাম্পসহ প্রসেস প্লান্ট এলাকার সর্বত্র বিভিন্ন ধরনের ঘাস, আগাছা পরিষ্কার করাসহ ফলজ, বনজ ও ঔষধি গাছের নিয়মিত পরিচর্যা করা হচ্ছে। সার্বক্ষণিক First Aid ব্যবস্থা রাখা আছে।	৭) সালদানদী গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা চৌকিসমূহে সার্বক্ষণিক নিরাপত্তার স্বার্থে নিজ নিজ দায়িত্ব-কর্তব্য পালনে নিয়োজিত আনসার/নিরাপত্তা প্রহরীগণের মধ্যে ০১ জন পিসি এবং ০১ জন এপিসি তাদের তদারকির দায়িত্বে কর্মরত আছেন। এছাড়া অতিরিক্ত নিরাপত্তার লক্ষ্যে ০৩ জন কর্মকর্তা নিরাপত্তা তত্ত্বাবধানে নিয়োজিত আছেন। সালদানদী গ্যাস ক্ষেত্রে বর্তমানে ২৪ টি অগ্নিনির্বাপকযন্ত্র দুর্ঘটনার সময় ব্যবহার করার লক্ষ্যে প্রস্তুত রাখা হয়েছে।	
৮) সেমুতাং গ্যাসক্ষেত্রের কর্মকর্তা-কর্মচারীগণের ক্যাম্পসহ প্রসেস প্লান্ট এলাকার সর্বত্র বিভিন্ন ধরনের ঘাস, আগাছা পরিষ্কার করা হয়েছে।	৮) সেমুতাং গ্যাসক্ষেত্রের বিভিন্ন স্থানের অগ্নিনির্বাপক যন্ত্র ও হাইড্রেন্ট লাইনসমূহ কার্যক্ষম করে যথাস্থানে স্থাপন করা হয়েছে।	

গৃহীত পদক্ষেপ		দুর্ঘটনা সম্পর্কীয় তথ্যাদি
পরিবেশ	সেইফটি	
৯) শাহবাজপুর গ্যাসক্ষেত্রের ১ নং ও ২ নং কুপ এলাকায় ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষসমূহ ও বাগান নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	৯) শাহবাজপুর গ্যাসক্ষেত্রে অগ্নিনির্বাপক যন্ত্র ও হাইড্রেন্ট লাইনসমূহ কার্যক্ষম করে যথাস্থানে স্থাপন করা হয়েছে। কন্ট্রোল রুম ও বিভিন্ন স্থানে স্থাপিত ফায়ার/স্মোক ডিটেকটর ও অ্যালার্ম ডিভাইসগুলো নিয়মিত চেক করা হয়।	
১০) শ্রীকাইল গ্যাস ক্ষেত্রে বিভিন্ন ধরনের ঘাস, আগাছা পরিষ্কার করাসহ ফলজ, বনজ ও ঔষধি গাছের নিয়মিত পরিচর্যা করা হচ্ছে। কর্মকর্তাগণ ক্যাম্পসহ প্রসেস প্লান্ট এলাকা নিয়মিত সরেজমিনে পরিদর্শনপূর্বক উপযোগী পরিবেশ বজায় রাখতে ব্যবস্থা গ্রহণ করে থাকে।	১০) শ্রীকাইল গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা প্রহরী/আনসার দ্বারা সার্বক্ষণিক নিরাপত্তা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। গ্যাস ক্ষেত্রের প্রবেশ ফটক সাব্যক্ষণিক বন্ধ থাকে এবং নিরাপত্তা কর্মী নিয়োজিত আছে। উক্ত স্থাপনা বিভিন্ন সেইফটি সাইন, নিরাপত্তামূলক ব্যবস্থায় ক্রোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে মনিটরিং করা হচ্ছে।	
১১) বেগমগঞ্জ গ্যাস ক্ষেত্রের প্রসেস প্লান্ট, সিকিউরিটি পোস্ট, মেইন গেট, স্ক্রীম পিট, গ্যাডারিং লাইন, ট্যাংক এলাকা নিয়মিত পরিষ্কার করা হয়। ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষসমূহ ও বাগান নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	১১) বেগমগঞ্জ গ্যাস গ্যাস ক্ষেত্রে আনসার/নিরাপত্তা প্রহরী দ্বারা সার্বক্ষণিক নিরাপত্তা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। গ্যাস ক্ষেত্রের প্রবেশ ফটক সার্বক্ষণিক বন্ধ থাকে এবং নিরাপত্তা কর্মী নিয়োজিত আছে। নিয়োজিত নিরাপত্তা কর্মীদের হাজিরা ইলেকট্রনিক মেশিনে নেয়ার ব্যবস্থা রয়েছে। পর্যাপ্ত ফ্লাড লাইটের ব্যবস্থা রয়েছে। উক্ত স্থাপনায় বিভিন্ন সেইফটি সাইন রয়েছে, নিরাপত্তামূলক ব্যবস্থা ক্রোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে মনিটর করা হচ্ছে।	
১২) শাহজাদপুর-সুন্দলপুর ক্ষেত্রের কর্মকর্তা ও কর্মচারীগণের আবাসন নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয়। গ্যাস ক্ষেত্রে এলাকার ফলজ, বনজ ও ঔষধি গাছের নিয়মিত পরিচর্যা করা হচ্ছে।	১২) শাহজাদপুর-সুন্দলপুর ক্ষেত্রের নিরাপত্তা কাজে নিয়োজিত আনসার ও সিকিউরিটি বাহিনীর কার্যক্রম প্রতিনিয়ত তদারকি করা হচ্ছে। নিরাপত্তামূলক ব্যবস্থা ক্রোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে মনিটর করা হচ্ছে।	
১৩) খনন বিভাগের কার্যক্রম পরিবেশ বিধিমালায় আলোকে যথাযথ সতর্কতা অবলম্বন করে পরিচালিত হচ্ছে।	১৩) খনন চলাকালীন সময়ে সেইফটি বিষয়ে গৃহীত পদক্ষেপ সমূহ নিম্নরূপঃ- (ক) ফিল্ডে কুপ খনন কাজে ব্যবহৃত বিভিন্ন প্রকার যন্ত্রপাতি যেমন- BOP & Control Panel, Gray Valve, Kelly Cock (Upper & Lower) ইত্যাদির কার্যকারিতা নিয়মিত পরীক্ষা করা হয়। (খ) পরিবেশ দূষণ প্রতিরোধে Mud Pit-এর ব্যবস্থা রাখা হয়েছে। (গ) অগ্নি নির্বাপনের জন্য বিভিন্ন ধরনের Fire Extinguisher এর ব্যবস্থা রাখা হয়েছে। (ঘ) কর্মকর্তা ও কর্মচারীদের ব্যক্তিগত নিরাপত্তার জন্য PPE অর্থাৎ safety shoe/safety boot, helmet, rain coat, hand gloves, safety belt ইত্যাদির ব্যবস্থা রাখা হয়েছে। তাছাড়াও ladder, railing এবং First Aid-এর ব্যবস্থা আছে।	
১৪) ভূতাত্ত্বিক জরিপ ও সাইসমিক সার্ভে কার্যক্রমে ফিল্ড ক্রুদের আবাসনের জন্য সার্ভে, ড্রিলিং, লোডিং, রেকর্ডিং ক্যাম্প সমূহ, গাড়ি রাখার জায়গা, রেকর্ডিং ও ডিলিং ওয়ার্কসপ, কর্মকর্তা ও কর্মচারীগণের আবাসিক এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ নিয়মিত চলছে।	১৪) প্রকল্প এলাকার সকল অস্থায়ী ম্যাগাজিন, ক্যাম্প সমূহ, ওয়ার্কসপ, প্রকল্প অফিস, কর্মকর্তা ও কর্মচারী আবাসিক এলাকায় পর্যাপ্ত পরিমাণ Fire Extinguisher আছে যা অগ্নি নির্বাপনে সহায়ক ভূমিকা পালন করে। তাছাড়াও সার্বক্ষণিক সতর্ক থাকার লক্ষ্যে নিয়মিতভাবে সকল কর্মকর্তা ও কর্মচারীদের উপস্থিতিতে অগ্নি নির্বাপন মহড়ার আয়োজন করা হয়েছে। ম্যাগাজিন এলাকায় বজ্র নিরোধক ব্যবস্থা নেয়া হয়েছে। বিপদ সংকটে প্রদানের জন্য ম্যাগাজিন এলাকায় সাইরেন স্থাপন করা হয়েছে। ম্যাগাজিন ও ক্যাম্প সমূহে বিভিন্ন সাইনবোর্ডের মাধ্যমে সতর্কীকরণ বার্তা প্রদান করা হয়েছে। সার্বক্ষণিক নিপত্তাকর্মী এবং আনসার কর্মী দ্বারা নিরাপত্তা কাজ চলমান রয়েছে।	

৪।

বিভিন্ন বিভাগের বাস্তব অগ্রগতির বিবরণ

৪.১

ভূতাত্ত্বিক বিভাগ

১। অনুসন্ধান ভূ-তত্ত্ব উপবিভাগ :

০১। ভূতাত্ত্বিক জরিপ দল ২০২৪-২৫ মাঠ মৌসুমে শেরপুর, জামালপুর এবং কুড়িগ্রাম জেলার গারো পাহাড় ভূগঠনের পশ্চিম অংশ ও তৎসংলগ্ন ভূগঠনে নভেম্বর, ২০২৪ হতে মার্চ, ২০২৫ পর্যন্ত প্রায় ০৫ মাস ব্যাপি ভূতাত্ত্বিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে শেরপুর জেলার ঝিনাইগাতী উপজেলার আহমদ নগর এলাকায় বেইজ ক্যাম্প স্থাপন করে শেরপুর জেলার নালিতাবাড়ী, ঝিনাইগাতী ও শ্রীবরদী উপজেলা, জামালপুর জেলার বকশীগঞ্জ ও দেওয়ানগঞ্জ উপজেলা এবং কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর ও রৌমারী উপজেলার অংশ বিশেষের উপর মাঠ পর্যায়ে জরিপ কার্যক্রম পরিচালনা করেছে। জরিপ কাজের ফেব্রুয়ারি, ২০২৫ মাসের অগ্রগতির বিবরণ নিম্নরূপঃ

এলাকার নাম	ভূগঠনের নাম	সেকশন/ছড়াসমূহ	অগ্রগতি (লাইন কি.মি) ক্রমপঞ্জিত: লাঃকিঃ	সংগৃহিত নমুনা/ নমুনার সংখ্যা
শেরপুর জেলার নালিতাবাড়ী, ঝিনাইগাতী ও শ্রীবরদী উপজেলা, জামালপুর জেলার বকশীগঞ্জ উপজেলা এবং কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর ও রৌমারী উপজেলা	গারো পাহাড় ভূগঠনের পশ্চিম অংশ ও তৎসংলগ্ন ভূগঠন	মধুটিলা নথ সেকশন, হাতিগাগার সেকশন, বেলাতি ছড়া (অংশ), গজনী অবকাশ রোড সেকশন (অংশ), বারোমারি বোড সেকশন, গজনী ছড়া (অংশ), বানাইপাড়া ছড়া এবং রোড সেকশন, উত্তর আন্দারপাড়া রোড সেকশন, হালচাটি ছড়া (অংশ), রাবার বাগান রোড সেকশন, কর্ণঝড়া নদী সেকশন। (অংশ) ও সোমনাথ পাড়া- সাতানি পাড়া সেকশন (অংশ)।	২৭ লাইন কিঃমিঃ ক্রমপঞ্জিত: ৬২ লাঃকিঃ	ক) শিলা নমুনাঃ ৪৫টি। ক্রমপঞ্জিতভূতঃ ৮১টি। খ) গ্যাস নমুনাঃ নাই। গ) তেল নমুনাঃ নাই। ঘ) পানি নমুনাঃ নাই।

০২। শেরপুর জেলার নালিতাবাড়ী, ঝিনাইগাতী ও শ্রীবরদী উপজেলা, জামালপুর জেলার বকশীগঞ্জ ও দেওয়ানগঞ্জ উপজেলা এবং কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর ও রৌমারী উপজেলার অংশ বিশেষের পাহাড়ি এলাকায় রিকোনাইসেন্স সার্ভে এবং ভূতাত্ত্বিক জরিপ কাজের মাধ্যমে তথ্য ও উপাত্ত সংগ্রহের কাজ চলছে।

০৩। জরিপ কার্যক্রমের সাথে সাথে জরিপকৃত সেকশনসমূহের প্রটিং এবং লিথোকলাম প্রণয়ন সহ আনুষঙ্গিক কাজ চলমান রয়েছে। জরিপ কাজ সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে স্থানীয় প্রশাসন, বাংলাদেশ পুলিশ এবং স্থানীয় জন প্রতিনিধিগণের সাথে যোগাযোগ চলমান রয়েছে।

০৪। নোয়াখালী জেলার সদর উপজেলার ২০ নং আন্দারচর ইউনিয়নের ৫নং ওয়ার্ডের পূর্ব মাইজছড়া গ্রামে নলকূপ হতে গ্যাস নির্গমন স্থান সরেজমিনে পরিদর্শন করত একটি প্রতিবেদন প্রণয়ন করে যথাযথ কর্তৃপক্ষ সমীপে প্রেরণ করা হয়েছে।

২। বেসিন স্টাডি উপবিভাগ :

০৫। চলমান ১০০ কুপের খনন প্রকল্পের অংশ হিসেবে পেট্রোবাংলা কর্তৃক গঠিত অগ্রাধিকার নির্ধারন সংক্রান্ত কমিটির নিকট বাপেক্সের খননতব্য কূপ সমূহের পর্যালোচনা করার লক্ষ্যে ২টি কারিগরী প্রেজেন্টেশন প্রস্তুত ও উপস্থাপন করা হয়।

০৬। জকিগঞ্জ-২ মূল্যায়ন রূপ এবং জকিগঞ্জ-৩ অনুসন্ধান কুপের লোকেশন মাঠ পর্যায়ে চিহ্নিতকরত Well Location Report প্রণয়ন শেষে স্বাক্ষরের জন্য চূড়ান্ত করা হয়েছে। পাশাপাশি জকিগঞ্জ গ্যাসক্ষেত্র ও এর নিকটবর্তী এলাকার সংগৃহীত সাইসমিক উপাত্ত এবং পার্শ্ববর্তী এলাকায় বিদ্যমান কুপের ভূতাত্ত্বিক তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও মূল্যায়ন করে উক্ত এলাকায় প্রস্তাবিত জকিগঞ্জ-২ মূল্যায়ন কুপটির কূপ প্রস্তাবনা প্রণয়নের কাজ চলমান রয়েছে।

০৭। ১২ টি মূল্যায়ন কূপ (বেগমগঞ্জ-৭ ও সেমুতাং-৭) এবং ১ টি অনুসন্ধান কূপ (চরলক্ষ্যা-১) খনন প্রকল্প"-এর আওতাধীন রূপসমূহের লোকেশন মাঠ পর্যায়ে চিহ্নিতকরত Well Location Report প্রণয়ন শেষে স্বাক্ষরের জন্য চূড়ান্ত করা হয়েছে। "১টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (সুন্দলপুর-৫) এবং ২টি অনুসন্ধান কূপ (সুবর্ণচর-১ ও নোয়াখালী-১) খনন প্রকল্প"-এর অন্তর্গত সুন্দলপুর-৫, সুবর্ণচর-১ ও নোয়াখালী-১ কুপের লোকেশন মাঠ পর্যায়ে চিহ্নিতকর Well Location Report প্রণয়ন শেষে স্বাক্ষরের জন্য চূড়ান্ত করা হয়েছে। পাশাপাশি বেগমগঞ্জ-সুন্দলপুর গ্যাসক্ষেত্রসহ নোয়াখালী এলাকার সংগৃহীত সাইসমিক উপাত্ত এবং নিকটবর্তী এলাকায় বিদ্যমান কুপের ভূতাত্ত্বিক তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও মূল্যায়ন করে উক্ত এলাকায় প্রস্তাবিত সুন্দলপুর-৫, নোয়াখালী-১, বেগমগঞ্জ-৭ এবং সুবর্ণচর-১ অনুসন্ধান রূপ চারটির কূপ প্রস্তাবনা প্রণয়নের কাজ চলমান রয়েছে।

০৮। ভোলা জেলায় নতুন ০৫টি কূপ 'শাহবাজপুর-১ মূল্যায়ন কূপ, শাহবাজপুর-১০ মূল্যায়ন কাম অনুসন্ধান কূপ, ভোলা নর্থ-৫ মূল্যায়ন কূপ, ভোলা নর্থ-৬ অনুসন্ধান কূপ এবং ভোলা নর্থ-৭ অনুসন্ধান কূপ'-এর Well Location Report প্রস্তুতের কাজ চলমান রয়েছে। খননাধীন জামালপুর-১ অনুসন্ধান কূপের খনন পরবর্তী তথ্য উপাত্ত রিভিউ কার্যক্রম চলমান আছে।

০৯। বেসিন স্টাডি উপবিভাগের নিয়মিত কাজের অংশ হিসেবে সাইসমিক তথ্য-উপাত্ত বিশ্লেষণের মাধ্যমে লিড-প্রস্পেক্ট সনাক্তকরণের কাজ চলমান আছে।

৩। ফিল্ড উন্নয়ন ভূ-তত্ত্ব উপবিভাগ :

- ১০। বাপেক্স-এর ওয়েদারফোর্ড মডেলিং ইউনিট দ্বারা জামালপুর-১ অনুসন্ধান কূপে মডেলিং সার্ভিস প্রদান করা হচ্ছে।
- ১১। বিজিএফসিএল এর আওতাধীন তিতাস গ্যাস ক্ষেত্রে খননতব্য দুইটি রুপ কূপ তিতাস-৩২ ও তিতাস-৩৩ এর Geological Technical Order (GTO) প্রস্তুত করা হয়েছে। Geological Technical Order (GTO) টি কর্তৃপক্ষের অনুমোদনের জন্য ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে।
- ১২। বিজিএফসিএল কর্তৃক প্রেরণকৃত তিতাস-কামতা গ্যাস ক্ষেত্রের ঘননঅতব্য তিতাস-২৮, তিতাস-২৯, তিতাস-৩০ ও কামতা-২ কূপের Geological Technical Order (GTO) প্রস্তুত করা শেষে রিভিউয়ের কাজ চলমান রয়েছে। সুন্দলপুর সাউথ-১ কূপের Geological Technical Order (GTO) প্রনয়ণ করা হয়েছে। বর্তমানে GTO টি চূড়ান্তকরণ শেষে বিতরণ করে হবে।
- ১৩। জকিগঞ্জ-১ অনুসন্ধান কুল, শরীয়তপুর-১ অনুসন্ধান কূপ এবং শ্রীকাইল নর্থ-১ এ অনুসন্ধান কূপ সমূহ সফলভাবে খনন শেষে বিভিন্ন তথ্য-উপাত্ত সন্নিবেশ করে ওয়েল কমল্লিশন রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। বর্তমানে রিপোর্ট সমূহে পরিমার্জন ও পরিবর্ধনের কাজ করা হচ্ছে।
- ১৪। সুন্দলপুর-৩ উন্নয়ন কূপ এর সফলভাবে খনন শেষে বিভিন্ন তথ্য-উপাত্ত সন্নিবেশ করে ওয়েল কমল্লিশন রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। বর্তমানে রিপোর্টটির পরিমার্জন ও পরিবর্ধনের কাজ করা হচ্ছে।
- ১৫। সালদানদী, ফেঞ্চুগঞ্জ, শাহবাজপুর, সেমুতাং, বেগমগঞ্জ, সুন্দলপুর ও শ্রীকাইল গ্যাস ক্ষেত্রের উৎপাদন, ওয়েল হেড প্রেশার ও অন্যান্য উপাত্ত নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে।
- ১৬। সালদানদী, ফেঞ্চুগঞ্জ, শাহবাজপুর, সেমুতাং, বেগমগঞ্জ, সুন্দলপুর ও শ্রীকাইল গ্যাসক্ষেত্রের উৎপাদন, ওয়েলহেড প্রেশার ও অন্যান্য উপাত্ত নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে।

৪। ফরমেশন ইন্ডালুয়েশন উপবিভাগ :

- ১৭। জামালপুর#১ কূপ এর ১৭.৫" Open Hole Section Wireline Log (GR-RES-NEU-DEN-DT ইত্যাদি) পর্যবেক্ষণ করা হয়েছে এবং উক্ত সেকশনে একটি সেকেন্ডারি টার্গেট (৬০০-৬১১ মি) ছিল। তবে বর্ণিত সেকশনে পরিচালিত লগসমূহে আশানুরূপ ফলাফল পাওয়া যায় নাই।
- ১৮। সুন্দলপুর ৩ কূপ এ Petrophysical Parameter Analysis (Vshale, Porosity, Water Resistivity, Saturation) এর কাজ সম্পন্ন হয়েছে এবং Log Interpretation প্রতিবেদন প্রস্তুতের কাজ চলমান রয়েছে।
- ১৯। বেগমগঞ্জ৪৪ (ওয়েস্ট) কূপ এর Petrophysical Parameter Analysis (Vshale, Porosity, Water Resistivity, Saturation) এর কাজ সম্পন্ন হয়েছে এবং Log Interpretation প্রতিবেদন প্রস্তুতের কাজ চলমান রয়েছে।
- ২০। বাপেক্সের আওতাধীন গ্যাস ক্ষেত্র সমূহের মজুত হালনাগাদ করার লক্ষ্যে উৎপাদনরত কূপ সমূহের তথ্যাদি পর্যবেক্ষণ চলমান রয়েছে। সেমুতাং৪৬ কূপের পানি বৃদ্ধি সংক্রান্ত সভায় অস্ত্র উপবিভাগের পক্ষ থেকে তথ্য উপাত্ত উপস্থাপন করা হয়েছে।
- ২১। অত্র উপবিভাগের ১ জন কর্মকর্তা টেকনিক্যাল কমিটির সদস্য হিসেবে '২ ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ৬ বি সাউথ এন্ড ১০০ শীষক প্রকল্প এর আওতায় Sinopec International Petroleum Service Corporation, China কর্তৃক মাঠ পর্যায়ে ২ ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেছেন।
- ২২। অত্র উপবিভাগের ১ জন কর্মকর্তা গারো পাহাড় ভূগঠনে ২০২৪-২০২৫ মাঠ মৌসুমে ভূতাত্ত্বিক জরিপ দলের জরিপ কার্যক্রমে অংশগ্রহণ করেছেন।
- ২৩। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনায় ও পেট্রোবাংলার অনুমোদন ক্রমে ভূতাত্ত্বিক বিভাগে আগত ০৬ ছয়জন ইন্টার্ন শিক্ষার্থীদের উপবিভাগ সংশ্লিষ্ট কার্যক্রম সম্পর্কে বিস্তারিতভাবে অবহিত করা হয়েছে। অস্ত্র উপবিভাগ সংশ্লিষ্ট বিভিন্ন তথ্য-উপাত্ত যেমন-ওয়্যারলাইন লগ এবং বিভিন্ন প্রতিবেদন দেখানো হয়েছে।
- ২৪। Schlumberger SEACO Inc. Panama কর্তৃক দাখিলকৃত সিলেট (হরিপুর) স্ট্রাকচারের মডেল আপডেট এবং তেলের মজুদ প্রাক্কলন বিষয়ে দাখিলকৃত রিপোর্ট পর্যালোচনার লক্ষ্যে গঠিত কারিগরি কমিটিতে অস্ত্র উপবিভাগের একজন কর্মকর্তা নিয়োজিত আছেন। তিতাস-১৬ কূপের ওয়ার্কওভার শেষে Production চলাকালীন কূপটিতে অতিরিক্ত পানি আসার বিষয়ে পরবর্তী করণীয় সংক্রান্ত প্রতিবেদন দাখিলের লক্ষ্যে গঠিত কমিটিতে অত্র উপবিভাগের একজন কর্মকর্তা নিয়োজিত আছেন।

৫। অন্যান্য কার্যক্রম :

- ২৫। অত্র বিভাগের ছয়জন কর্মকর্তা ডি-নথি শিক্ষণ এবং সাতজন কর্মকর্তা শুদ্ধাচার সংক্রান্ত বিষয়ক ইন-হাউজ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। অত্র বিভাগের একজন কর্মকর্তা wireline logging data processing & analysis সংশ্লিষ্ট বৈদেশিক প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

৪.২

ভূপদার্থিক বিভাগ

- ক) “২ডি সাইসমিক সার্ভে ওভার ব্লক-৬বি সাউথ ও ব্লক-১০” শীর্ষক প্রকল্পের অধীনে বাপেক্স অংশে ২০২৪-২৫ মৌসুমের মাঠ পর্যায়ের সাইসমিক উপাত্ত সংগ্রহ কার্যক্রম চলমান আছে। উক্ত কার্যক্রম এর অংশ হিসেবে বাপেক্স এর নিজস্ব জনবল দ্বারা মাঠ পর্যায়ে অদ্যবধি টপোসার্ভে ১০০০.২০ লাইন কি. মি., ড্রিলিং ১০০০.০০ লাইন কি. মি. ও সাইসমিক উপাত্ত সংগ্রহ (রেকর্ডিং) ৮৭৩.৬০ লাইন কি.মি. সম্পন্ন হয়েছে। Service Provider (Sinopec) এর অংশের মাঠ পর্যায়ে অদ্যবধি ৬৯৬ লাইন কি.মি. সাইসমিক উপাত্ত সংগ্রহ (রেকর্ডিং) সম্পন্ন হয়েছে।
- খ) “৩ডি সাইসমিক সার্ভে ওভার জকিগঞ্জ এন্ড পাথারিয়া ওয়েস্ট স্ট্রাকচার (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের জকিগঞ্জ গ্যাসক্ষেত্রের ২০০ বর্গ কি.মি. এলাকা থেকে সংগৃহীত ৩ডি সাইসমিক উপাত্ত বিশ্লেষণ শেষে চূড়ান্ত রিপোর্ট প্রদান করা হয়েছে। দুইটি কুপ খননের লোকেশন প্রদান করা হয়েছে। পাথারিয়া ভূগঠনের ৩৮০ বর্গ কি.মি. এলাকা থেকে সংগৃহীত ৩ডি সাইসমিক উপাত্ত সমূহের প্রাথমিক প্রক্রিয়াকরণ কার্যক্রম সম্পন্ন শেষে Depth Processing কার্যক্রম চলমান রয়েছে। উপাত্ত বিশ্লেষণ কার্যক্রম চলমান রয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি এর ৯১.২৫% ব্যয় এতোমধ্যে নিশ্চিত হয়েছে। জানুয়ারি, ২০২৫ পর্যন্ত আর্থিক অগ্রগতি মোট প্রকল্প ব্যয়ের ৮৩.৬৮%। লট-০৪ এবং লট-০৫ এর বিশেষজ্ঞ সেবা গ্রহণ কার্যক্রম চলমান আছে।
- গ) “২ডি সাইসমিক সার্ভে ওভার ব্লক-৭ ও ব্লক-৯” শীর্ষক প্রকল্পের ১৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে প্রকল্প পরিচালক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। BGP INC., China National Petroleum Corporation এর সাথে গত ২৬ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে চুক্তি সম্পন্ন হয়েছে। মোটরযান ভাড়া সংক্রান্ত টেন্ডার প্রক্রিয়ায় দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimation) প্রস্তুতকরণের কমিটি ও কারিগরি বিনির্দেশ (Technical Specification), IFT ও Tender Document প্রণয়নের জন্য কমিটি গঠন প্রক্রিয়া চলমান রয়েছে। RFQ পদ্ধতিতে মালামাল ক্রয়ের লক্ষ্যে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimation) প্রস্তুতকরণের কমিটি ও কারিগরি বিনির্দেশ (Technical Specification), IFT ও Tender Document প্রণয়নের জন্য কমিটি গঠন প্রক্রিয়া চলমান রয়েছে।
- ঘ) “২ ডি সাইসমিক সার্ভে ওভার জামালগঞ্জ কোল বেসিন এরিয়া” শীর্ষক প্রকল্পের পার্টি চীফ নিয়োগের অফিস আদেশ হয়েছে এবং সে মোতাবেক যোগদান সম্পন্ন হয়েছে। অস্থায়ী জনবল সরবরাহের জন্য সার্ভিস প্রোভাইডার নিয়োগ ও যানবাহন ভাড়াকরণ এই দুইটি ক্রয়কার্যের দরপত্রের সার্বিক মূল্যায়ন সম্পূর্ণ হয়েছে। বৈদেশিক বিশেষজ্ঞ নিয়োগ এর লক্ষ্যে আরএফপি মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে সংক্ষিপ্ত তালিকা অনুসারে ৫টি প্রতিষ্ঠানকে আরএফপি প্রেরণ করা হয়েছে এবং প্রাপ্ত আরএফপি এর কারিগরি মূল্যায়ন চলমান আছে। বিস্ফোরক দ্রব্যাদি (এক্সপ্লোসিভ, ডেটোনেটর ও কোন-এ্যাংকর) ক্রয়ের পুনঃদরপত্রের লক্ষ্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদন শেষে দরপত্র বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশিত হয়েছে এবং কোন দরপত্র না পাওয়ায় পরবর্তী ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলমান আছে। স্থানীয় ক্রয় (RFQ) সমূহের কারিগরি ও ব্যয় প্রাক্কলনের কাজ চলমান আছে।
- ঙ) প্রস্তাবিতব্য “৩ডি সাইসমিক সার্ভে ওভার দোয়ারাবাজার, ছাতক ও কোম্পানীগঞ্জ এরিয়া” শীর্ষক প্রকল্পটি মন্ত্রণালয় কর্তৃক জিডিএফ এর অর্থায়নে প্রকল্পসমূহের অগ্রাধিকার তালিকায় অন্তর্ভুক্তির অনুমোদন দেয়া হয়েছে। তবে মাঠ পর্যায়ে কাজ শুরু করার আইনি মতামত পাওয়া যায়নি।
- চ) প্রস্তাবিতব্য “হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩ডি সাইসমিক জরিপ” শীর্ষক প্রকল্পের অধীনে যানবাহন ভাড়াকরণ, বিস্ফোরক দ্রব্যাদি (এক্সপ্লোসিভ, ডেটোনেটর ও কোন-এ্যাংকর) ক্রয়, ডাটা একুইজিশন সিস্টেমের জন্য হার্ডওয়্যার-সফটওয়্যার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয় এবং অস্থায়ী জনবল সরবরাহের জন্য সার্ভিস প্রোভাইডার নিয়োগের লক্ষ্যে আহবানকৃত আলাদা আলাদা ৪ (চার) টি দরপত্রের কারিগরি মূল্যায়ন সম্পন্ন করে বাপেক্সের পরিচালনা পর্ষদে অনুমোদনের নিমিত্ত প্রকল্প ব্যবস্থাপকের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা প্রাপ্তির লক্ষ্যে বাপেক্সের পরিচালনা পর্ষদে অনুমোদনের নিমিত্ত ২৭/০২/২০২৫ তারিখের পরিচালনা পর্ষদের সভায় কার্যপত্র উত্থাপন করা হয়েছে।
- ছ) বাপেক্স এর পরিচালনা পর্ষদের ৪৯৩-তম সভায় প্রস্তাবিত “৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন, মনপুরা ও হাতিয়া” শীর্ষক প্রকল্পের ডিপিপি অনুমোদিত হয়েছে। সংশোধিত ডিপিপি পেট্রোবাংলার বোর্ডে অনুমোদনের উদ্দেশ্যে প্রেরণ করা হয়েছে।
- জ) বাপেক্স এর প্রশাসন বিভাগের অফিস আদেশ স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০১২.৩৯.০০২.২৫/৯২, তারিখ: ২০ ফেব্রুয়ারি ২০২৫ মোতাবেক সুবর্ণচর, ফেনী এবং শৈলকুপা প্রসপেক্ট ও তৎসংলগ্ন এলাকায় ২৫০০ বর্গ কি. মি. ৩-ডি সাইসমিক সার্ভে করার লক্ষ্যে প্রকল্প প্রস্তাব প্রণয়নের নিমিত্তে উক্ত প্রকল্প প্রস্তাবটি অধিকতর যাচাই-বাছাই করার জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির প্রতিবেদন পাওয়া গেলে প্রকল্পের কার্যক্রম শুরু করা হবে।

- ঝ) সাইসমিক উপাত্ত প্রক্রিয়াকরণ উপ-বিভাগ কর্তৃক ২০২২-২০২৩ইং, ২০২৩-২০২৪ইং ও ২০২৪-২০২৫ইং মাঠ মৌসুমে “২ডি সাইসমিক সার্ভে ওভার ব্লক-৬বি সাউথ ও ব্লক-১০” শীর্ষক প্রকল্পের মুলাদি, গৌরনদী, বরিশাল, লক্ষীপুর ও চাঁদপুর এলাকায় সংগৃহীত সাইসমিক জরিপ লাইন সমূহ বিদেশি এক্সপার্ট দ্বারা ফাইনাল Data Processing এর কাজ শুরু করা হয়েছে। বিদেশি এক্সপার্ট দ্বারা ব্লক ৬বি এর BPX_6B_12, BPX_6B_14, BPX_6B_15, BPX_6B_16, BPX_6B_17 ইত্যাদি লাইনসমূহের Pre-Stack Time Migration সম্পন্ন করা হয়েছে। ৬বি ব্লকের সবগুলো লাইনের First Break Picking শেষ হয়েছে, ১৪টি লাইনের Noise Attenuation এবং ১০টি লাইনের Amplitude compensation, Deconvolution ও Static Correction শেষ হয়েছে। BPX_6B_18 ও BPX_6B_06 লাইনের Velocity picking চলমান রয়েছে। এছাড়া ব্লক ১০ এর লক্ষীপুর ও চাঁদপুর এলাকার সংগৃহীত সাইসমিক উপাত্তসমূহের ১৪টি লাইনের First Break picking শেষ হয়েছে। “৩ডি সাইসমিক সার্ভে ওভার জকিগঞ্জ এন্ড পাথারিয়া স্ট্রাকচার” শীর্ষক প্রকল্পের অধীনে সংগৃহীত পাথারিয়া ভূগঠনের ৩৮০ বর্গ কি.মি. এলাকা থেকে সংগ্রহীত ৩ডি সাইসমিক উপাত্ত সমূহের প্রক্রিয়াকরণ কার্যক্রম সম্পন্ন শেষে Raw PSTM Stack, PSTM Final Stack, PSTM Post Processing, PSTM Angle stack, PSTM Gather Data বিশ্লেষণ এর জন্য প্রদান করা হয়েছে। সেই সাথে Advance Processing কার্যক্রম চলমান রয়েছে।
- ঞ) ২ডি ইন্টারপ্রিটেশন উপ-বিভাগ কর্তৃক ফেনী স্ট্রাকচার ও এর চারপাশের সাইসমিক উপাত্তসমূহ বিস্তারিত বিশ্লেষণের নিমিত্ত ফল্ট ও হরাইজন ইন্টারপ্রিটেশন এর কাজ চলমান রয়েছে। সম্ভাব্য ভূকম্পন জরিপ (২ডি) এলাকা নির্ধারণ সংক্রান্ত কমিটির কাজে সহায়তা প্রদান করা হয়েছে এবং প্রতিবেদন প্রণয়ন সম্পন্ন করে প্রণীত প্রতিবেদন দাখিল করা হয়েছে। আন্তর্জাতিক পরামর্শক নিয়োগের লক্ষ্যে EOI বিজ্ঞপ্তি এবং TOR সহ RFP প্রস্তুতকরণ সংক্রান্ত কমিটির কাজে সহায়তা প্রদান চলমান রয়েছে। পেট্রোবাংলার নির্দেশনা মোতাবেক দুইজন শিক্ষার্থীর গবেষণা কার্যক্রমে সহায়তা প্রদান করা হয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে।
- ট) ৩ডি ইন্টারপ্রিটেশন উপ-বিভাগ কর্তৃক ভবিষ্যত কর্মপরিকল্পনা গ্রহণের লক্ষ্যে সম্ভাব্য ৩ডি সাইসমিক জরিপ এলাকা নির্ধারণ সংক্রান্ত কমিটির কাজে সহায়তা প্রদান চলমান রয়েছে। পাথারিয়া ওয়েস্ট ভূগঠনে আহরিত ৩ডি সাইসমিক ডাটা বিশ্লেষণকল্পে Fenchuganj, Kailashtila ও Beanibazar গ্যাসফিল্ডে বিদ্যমান কূপের তথ্যের ওপর ভিত্তি করে Sequence Stratigraphy Study এর কাজ চলমান রয়েছে। ৩ডি প্রসেসিং শাখা হতে প্রাপ্ত পাথারিয়া ওয়েস্ট ভূগঠনে আহরিত ৩ডি সাইসমিক উপাত্তসমূহের Raw PSTM Stack, PSTM Final Stack, PSTM Post Processing ডাটা বিশ্লেষণের জন্য সফটওয়্যারে লোড করা হয়েছে এবং বিশ্লেষণের কাজ চলমান রয়েছে।
- ঠ) জিওফিজিক্যাল মেইনটেন্যান্স এন্ড স্টোরস উপবিভাগ এর মাধ্যমে ভূপদার্থিক বিভাগের চলমান বিভিন্ন প্রকল্পের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় যন্ত্রপাতি/মালামাল প্রকল্পের কাজে প্রদান করার পর অবশিষ্ট ব্যবহারযোগ্য যন্ত্রপাতির মধ্যে যে সকল যন্ত্রপাতিতে ব্যাটারি আছে সে সকল যন্ত্রপাতির চার্জিং/ডিসচার্জিং এবং মেরামতযোগ্য যন্ত্রপাতিসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষনের কার্যক্রম চলমান রয়েছে। “২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক-৬বি সাউথ এন্ড ১০” প্রকল্প হতে চাহিদার প্রেক্ষিতে মাঠ পর্যায়ে কাজে ব্যবহারের লক্ষ্যে চাহিদাকৃত যন্ত্রপাতি/মালামালসমূহ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রেরণ করা হয়েছে।

৪.৩

খনন পরিচালনা বিভাগ

১। খনন ও ওয়ার্কওভার কার্যক্রম :

- ক) **তিতাস-১৬ ওয়ার্কওভার:** ZJ40 DBT (Bijoy-11) রিগ দ্বারা তিতাস #১৬ কূপের ওয়ার্কওভারের লক্ষ্যে ০১-১২-২০২৪ তারিখে কূপে রিগ আপ করতঃ ১০-১২-২০২৪ তারিখে ওয়ার্কওভার কাজ শুরু করে ২১-০১-২০২৫ তারিখে ওয়ার্কওভার কাজ সফলভাবে শেষ হয়েছে এবং জাতীয় গ্রীডে গ্যাস সরবরাহ হয়েছে।
- খ) **সিলেট # ৭ ওয়ার্কওভার:** XJ650T (Bijoy-18) রিগ দ্বারা সিলেট # ৭ ওয়ার্কওভার কূপের রিগ ডাউন শেষে রক্ষণাবেক্ষণ কাজ চলমান আছে। শীঘ্রই পরবর্তী কূপে রিগ ও খনন সংশ্লিষ্ট মালামাল স্থানান্তর করা হবে।
- গ) **জকিগঞ্জ # ১ ওয়ার্কওভার:** ZJ50 DBS (Bijoy-12) রিগ দ্বারা জকিগঞ্জ # ১ কূপের উৎপাদনক্ষম করার লক্ষ্যে ওয়েল কমপ্লিশন সফলভাবে সম্পন্ন করা হয়েছে। রিগ ডাউন শেষে কৈলাশটিলা-৭ ওয়ার্কওভার কূপে রিগ ও খনন সংশ্লিষ্ট মালামাল স্থানান্তর শেষ হয়েছে।
- ঘ) **জামালপুর-১ অনুসন্ধান কূপ খনন:** ZJ70 DBS (Bijoy-10) রিগ দ্বারা জামালপুর-১ অনুসন্ধান কূপ খনন করার লক্ষ্যে ১৩-০১-২০২৫ তারিখে কূপে রিগ আপ শেষে ইতিমধ্যে ৩০" ২০", ১৩ $\frac{9}{8}$ " কেসিং স্থাপন সম্পন্ন হয়েছে। BOP স্থাপন শেষে ৯ $\frac{5}{8}$ " সেকশন এর খনন কাজ অতিশীঘ্র শুরু করা হবে।
- ঙ) **কৈলাশটিলা-৭ ওয়ার্কওভার:** ZJ50 DBS (Bijoy-12) রিগ দ্বারা কৈলাশটিলা-৭ ওয়ার্কওভার করার লক্ষ্যে জকিগঞ্জ-১ কূপ হতে রিগ ও খনন সংশ্লিষ্ট মালামাল স্থানান্তর হয়েছে। ২৬-০২-২০২৫ তারিখে রিগ আপ করা হয়েছে। commissioning & Testing কাজ শেষ করে ওয়েলকিলিং অপারেশন অতিশীঘ্রই সম্পন্ন করা হবে।

২। রিগ বেইজ :

- ক) **মাধবপুর রিগ বেইজঃ**
দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম পরিচালনাসহ রিগ বেইজে রক্ষিত মালামাল রক্ষণাবেক্ষণ, পরিষ্কার পরিচ্ছন্ন ও নিরাপত্তা বিধানের কাজ অব্যাহত আছে।

8.8 ওয়েল সার্ভিসেস বিভাগ**১। কূপ পরীক্ষণ (Well Testing) :**

- ১) সুন্দলপুর #৪ ও শ্রীকাইল#৫ কূপে DST & Slickline সার্ভিসেস গ্রহণের জন্য আহবায়িত আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে যোগ্য বিবেচিত দরপত্রদাতার সহিত চুক্তি সম্পাদনের জন্য প্রস্তুতকৃত খসড়া চুক্তিপত্র আইনজীবী কর্তৃক ভেটিং করতঃ চুক্তি সম্পাদনের নিমিত্ত কোম্পানি সচিবালয়ে সংরক্ষিত আছে।
- ২) সুন্দলপুর সাউথ -১ ও জামালপুর -১ খনন কূপে DST & Slickline সার্ভিসেস গ্রহণের জন্য আহবায়িত আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে যোগ্য বিবেচিত দরপত্রদাতা Halliburton International GmbH এর সহিত বাপেক্সের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। L/C স্থাপন প্রক্রিয়া চলমান।
- ৩) ক্রয়াদেশ নং- BAPEX/ADMIN/1912/2023 এর বিপরীতে আমদানিকৃত মালামাল সমূহের MRR এর জন্য মানপরিমাপক সনদ প্রদানের কাজ শেষ হয়েছে।

২। মাড ইঞ্জিনিয়ারিং (Mud Engineering) :

- ১) জামালপুর-১ অনুসন্ধান কূপে মাড ইঞ্জিনিয়ারিং সার্ভিস প্রদান চলমান আছে। উক্ত কূপে ১৭ ১/২” হোল সেকশন খনন সম্পন্ন হয়েছে।
- ২) বিজিএফসিএল এর তিতাস #১৬ কূপ ওয়ার্কওভার কাজে মাড ইঞ্জিনিয়ারিং সার্ভিস প্রদান কার্যক্রম চলমান আছে।
- ৩) “২ টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (সুন্দলপুর-৪ ও শ্রীকাইল-৫) এবং ২ টি অনুসন্ধান কূপ (সুন্দলপুর সাউথ -১ ও জামালপুর -১) খনন” প্রকল্পের আওতায় সুন্দলপুর-৪ ও শ্রীকাইল-৫ কূপের মাড কেমিক্যাল ক্রয়ের জন্য ঋণপত্র খোলা সম্পন্ন হয়েছে। এবং সুন্দলপুর সাউথ-১ ও জামালপুর-১ কূপের মাড কেমিক্যাল ক্রয়ের জন্য ঋণপত্র খোলার প্রক্রিয়া চলমান আছে।
- ৪) “২ টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (সুন্দলপুর-৪ ও শ্রীকাইল-৫) এবং ২ টি অনুসন্ধান কূপ (সুন্দলপুর সাউথ -১ ও জামালপুর -১) খনন” প্রকল্পের আওতায় মাড ইঞ্জিনিয়ারিং ল্যাব ক্রয়ের মাড ঋণপত্র খোলার প্রক্রিয়া চলমান আছে।
- ৫) এসজিএফএল এর কেটিএল #০৭ কূপের ওয়ার্কওভারের নিমিত্তে রিগ আপ, মাড ট্যাংক স্থাপনসহ প্রয়োজনীয় প্রস্তুতিমূলক কাজ চলমান আছে।

৩। ওয়ারলাইন লগিং সার্ভিসেস :

- ১) সুন্দলপুর সাউথ #১ অনুসন্ধান ও শ্রীকাইল #৫ মূল্যায়ন কাম উন্নয়ন কূপে ওয়ারলাইন লগিং সেবা গ্রহণের লক্ষ্যে যথাক্রমে চুক্তি নং: BAPEX/ADMIN/1981, তারিখ: ০২/০২/২০২৫ ও BAPEX/ADMIN/1982 তারিখ: ০২/০২/২০২৫ এর বিপরীতে চুক্তি সম্পাদন সম্পন্ন হয়েছে।
- ২) অত্র উপবিভাগের একজন কর্মকর্তা জামালপুর #১ অনুসন্ধান কূপে অস্থায়ী পিট ম্যাগাজিন লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে বিস্ফোরক কর্মকর্তাকে সহায়তার লক্ষ্যে জামালপুর #১ অনুসন্ধান কূপ, জামালপুর গমন করেন।
- ৩) অত্র উপবিভাগের একজন কর্মকর্তা জামালপুর #১ অনুসন্ধান কূপে ১৭ ১/২” ওপেন হোল লগিং কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের লক্ষ্যে জামালপুর #১ অনুসন্ধান কূপ, জামালপুর গমন করেন।
- ৪) অত্র উপবিভাগের ০৩ (তিন) জন কর্মকর্তা দাপ্তরিক প্রশিক্ষণের লক্ষ্যে চায়না গমন করেন।

৪। ওয়েল সিমেন্টেশন (Well Cementation) :

- ১) সুন্দলপুর সাউথ #১ কূপ খনন প্রকল্পে সিমেন্টেশন সার্ভিস প্রদানের প্রয়োজনীয় পরিমাণ মালামাল ও তৃতীয় পক্ষীয় সেবা ক্রয়ের লক্ষ্যে কমিটির সুপারিশের ভিত্তিতে সর্বনিম্ন দরদাতার সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে।
- ২) জামালপুর-১ অনুসন্ধান কূপ খনন প্রকল্পে 20" ও 13 3/8" Casing Cementation জব সম্পন্ন করা হয়েছে।
- ৩) ওয়েল সিমেন্টেশন উপবিভাগের মাধ্যমে কূপে সিমেন্টেশন সার্ভিস নিরবিচ্ছিন্ন ভাবে প্রদানের জন্য আন্তর্জাতিক দরপত্র নং- 1260,08-09-2024 এর মাধ্যমে ২ টি Compressor ক্রয়ের জন্য আন্তর্জাতিক দরপত্র আহবান করা হয়েছে। দরপত্র নংঃ- ১২৬০ এর আর্থিক মূল্যায়ন শেষে Purchase Order Issue প্রক্রিয়াধীন হয়েছে। L/C স্থাপন প্রক্রিয়া চলমান।
- ৪) তিতাস-১৬ ওয়ার্কওভার কাজ শুরু হয়েছে। বাপেক্সের দক্ষ ইঞ্জিনিয়ার ও সিমেন্টিং ক্রু/ প্রয়োজনীয় লোকবলসহ সিমেন্টিং ইউনিট ও অন্যান্য সিমেন্টিং ইকুইপমেন্ট দ্বারা যথাযথ সিমেন্টেশন সার্ভিস প্রদান করা হচ্ছে। তিতাস-১৬ ওয়ার্কওভার কার্যক্রম চলমান রয়েছে।
- ৫) কেটিএল #০৭ ওয়ার্কওভার কাজ শুরু হয়েছে। বাপেক্সের দক্ষ ইঞ্জিনিয়ার ও সিমেন্টিং ক্রু/ প্রয়োজনীয় লোকবলসহ সিমেন্টিং ইউনিট ও অন্যান্য সিমেন্টিং ইকুইপমেন্ট দ্বারা যথাযথ সিমেন্টেশন সার্ভিস প্রদান করা হচ্ছে। ওয়েল কিল পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে।
- ৬) ক্রয়াদেশ-৪৮/২০২৪-২০২৫ এর আলোকে সমস্ত মালামাল তিতাস-১৬ ওয়ার্কওভার প্রকল্পে সরবরাহকারী প্রতিষ্ঠান হতে বুঝে পাওয়া হয়েছে। বর্তমানে উক্ত ক্রয়াদেশ এর অধীনে Batch Mixing Unit এর সার্ভিসিং কার্যক্রম চলমান রয়েছে।

৪.৫

পরীক্ষাগার বিভাগ

জিওলজিক্যাল ল্যাব উপ-বিভাগ:

- ১। ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক ২০২৪-২০২৫ মাঠ মৌসুমে গারো পাহাড় ভূগঠনের বিভিন্ন ছড়া/সেকশন থেকে সংগৃহীত শিলা নমুনা হতে প্রথম দফায় প্রেরিত চার (০৪) টি এবং দ্বিতীয় দফায় প্রেরিত একটি (০১) টি আউটক্রপ শিলা (Shale/ Silty Shale/ Mudstone) নমুনার মাইক্রোপ্যালিওনটোলজিক্যাল বিশ্লেষণের লক্ষ্যে নমুনা প্রস্তুতকরণের কাজ সম্পন্ন হয়েছে।
- ২। ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক ২০২৪-২০২৫ মাঠ মৌসুমে গারো পাহাড় ভূগঠনের বিভিন্ন ছড়া/সেকশন থেকে সংগৃহীত শিলা নমুনা হতে প্রথম দফায় প্রেরিত (১১) টি আউটক্রপ শিলা (Sandstone) নমুনার সেডিমেটোলজিক্যাল বিশ্লেষণের লক্ষ্যে নমুনা প্রস্তুতকরণের কাজ সম্পন্ন হয়েছে।
- ৩। ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক ২০২৪-২০২৫ মাঠ মৌসুমে গারো পাহাড় ভূগঠনের বিভিন্ন ছড়া/সেকশন থেকে সংগৃহীত শিলা নমুনা হতে দ্বিতীয় দফায় প্রেরিত দশটি (১০) টি আউটক্রপ শিলা (Sandstone) নমুনার সেডিমেটোলজিক্যাল বিশ্লেষণের লক্ষ্যে লিথোলজি লিপিবদ্ধপূর্বক নমুনা প্রস্তুতকরণের কাজ চলমান রয়েছে।
- ৪। ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক ২০২৪-২০২৫ মাঠ মৌসুমে গারো পাহাড় ভূগঠনের বিভিন্ন ছড়া/সেকশন থেকে সংগৃহীত শিলা নমুনা হতে তৃতীয় দফায় প্রেরিত তের (১৩) টি আউটক্রপ শিলা (Sandstone/ Shale/ Silty Shale/ Mudstone) নমুনার মাইক্রোপ্যালিওনটোলজিক্যাল ও সেডিমেটোলজিক্যাল বিশ্লেষণের লক্ষ্যে লিথোলজি লিপিবদ্ধকরণ সম্পন্ন হয়েছে।
- ৫। গ্যাজপ্রম কর্তৃক খননকৃত ইলিশা #১ অনুসন্ধান কূপ হতে প্রেরিত সম্পূর্ণ ৪৬ মিটার কোরের লিথোলজি লিপিবদ্ধকরণ এবং পূর্ববর্তী ১০ মিটারের পর আরো ১৭ মিটার কোর হতে মাইক্রোপ্যালিওনটোলজিক্যাল ও সেডিমেটোলজিক্যাল বিশ্লেষণের লক্ষ্যে নমুনা সংগ্রহের কাজ সম্পন্ন হয়েছে।
- ৬। গ্যাজপ্রম কর্তৃক খননকৃত টবগী #১ অনুসন্ধান কূপ হতে প্রেরিত তিন (০৩) টি (২৮ মিটার) কোর নমুনা হতে সংগৃহীত চৌষটি (৬৪) টি নমুনার মিনারেলজিক্যাল বিশ্লেষণের লক্ষ্যে কেমিক্যালি ট্রীটেড ক্রে অংশের এক্সআরডি ডাটা সংগ্রহপূর্বক প্রাপ্ত ডাটা বিশ্লেষণের কাজ চলমান রয়েছে।
- ৭। আউটক্রপ এবং অনুসন্ধান কূপ হতে সংগৃহীত শিলা নমুনার মাইক্রোপ্যালিওনটোলজিক্যাল বিশ্লেষণকরতঃ প্রাপ্ত ডাটা সংরক্ষণের নিমিত্তে তৈরিকৃত ডাটাবেইজ আপডেটের উদ্দেশ্যে প্রতিনিয়ত নতুন ডাটা সংযোজনের কাজ চলমান রয়েছে।
- ৮। পরীক্ষাগার বিভাগের জন্য ক্যামেরা ও ইমেজ এ্যানালাইসিস সফটওয়্যার সহ একটি পোলারাইজিং মাইক্রোস্কোপ এবং ক্যামেরা সহ একটি জুম স্টেরিও মাইক্রোস্কোপের ক্রয়কার্য প্রক্রিয়াধীন রয়েছে।

জিওকেমিক্যাল উপ-বিভাগ:

- ১। সালদানদী গ্যাসক্ষেত্র হতে ফেব্রুয়ারী ২০২৫ মাসে সংগৃহীত ০৫ (পাঁচ)টি গ্যাস, ০১ (এক)টি লিকুইড হাইড্রোকার্বন, ০১ (এক)টি পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন উৎপাদন বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়েছে।
- ২। ফেখুগঞ্জ গ্যাসক্ষেত্র হতে ফেব্রুয়ারী ২০২৫ মাসে সংগৃহীত ০৩ (তিন)টি গ্যাস, ০১ (এক)টি লিকুইড হাইড্রোকার্বন, ০১ (এক)টি পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন উৎপাদন বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়েছে।
- ৩। শাহবাজপুর গ্যাসক্ষেত্র হতে ফেব্রুয়ারী ২০২৫ মাসে সংগৃহীত ০৬ (ছয়)টি গ্যাস, ০৩ (তিন)টি লিকুইড হাইড্রোকার্বন, ০৩ (তিন)টি পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন উৎপাদন বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়েছে।
- ৪। বেগমগঞ্জ গ্যাসক্ষেত্র থেকে সংগ্রহকৃত ০২ (দুই)টি গ্যাস, ০১ (এক)টি লিকুইড হাইড্রোকার্বন, ০১ (এক)টি পানি নমুনার এবং সেমুতাং গ্যাসক্ষেত্র থেকে সংগ্রহকৃত ০২ (দুই)টি গ্যাস ও ০১ (এক)টি পানি নমুনার বিশ্লেষণ কাজ চলমান রয়েছে।

পেট্রোফিজিক্যাল উপ-বিভাগ:

- ১। Gazprom কর্তৃক খননকৃত ইলিশা-১ কূপের মোট ৪৭ মিটার কোর নমুনার কোর কাটিং ও প্লাগিং সম্পন্ন হয়েছে।
- ২। পরীক্ষাগার বিভাগের জন্য ক্রয়কৃত Gas Permeameter যন্ত্রটির Installation & Commissioning করার লক্ষ্যে সরবরাহ কারী প্রতিষ্ঠান M/S. Reservoir, India-কে e-mail এর মাধ্যমে জানানো হয়েছে।
- ৩। ০১ টি Porosimeter যন্ত্র ক্রয়ের লক্ষ্যে সরবরাহ কারী প্রতিষ্ঠানের অনুকূলে ঋণপত্র খোলা হয়েছে।

গ্যাস ও কনডেনসেট উৎপাদন এবং বিক্রয়ের সংক্ষিপ্ত বিবরণী

(১) উৎপাদনের বিবরণ

ক্রমিক নং	গ্যাস ক্ষেত্র	উৎপাদনক্ষম কুপ সংখ্যা	উৎপাদনরত কুপ সংখ্যা	উপাদান	দৈনিক উৎপাদন ক্ষমতা	লক্ষ্যমাত্রা (২০২৪- ২০২৫)	চলতি মাস (ফেব্রুয়ারি'২০২৫)	বিগত মাস (জানুয়ারি'২০২৫)	চলতি বৎসর ক্রমপুঞ্জিত (২০২৪-২০২৫)	প্রারম্ভ হতে ক্রমপুঞ্জিত উৎপাদন
০১।	সালদানদী	০৩	০৩	১। গ্যাস	০.০৭১	২৬.০০	২.২৩২	২.৩৬৯	২১.২৩১	২৩১৯.২৪৫
				২। কনডেনসেট	০.১৭৮	৬৫.০০	৬.০৫	৭.০২৩	৫৩.৯৫২	৭৪৪৩.৪৯৪
০২।	ফেঞ্চুগঞ্জ	০২	০২	১। গ্যাস	০.২৩৬	৮৬.০০	৬.৭২৯	৭.৪৬৫	৫৯.০৪৩	৫০৮৯.৭০৪
				২। কনডেনসেট	০.৪৬৬	১৭০.০০	৭.০২৫	১০.৪৪৩	৮৪.৪৬৭	১৯৬৩৪.০৩৩
০৩।	শাহবাজপুর	০৫	০৪	১। গ্যাস	২.৫০২	৮২৭.০০	৫৪.৬৫৪	৬৪.০১৫	৪৬৬.৩৯৭	৫২৯২.৯১৩
				২। কনডেনসেট	১.৭৭৩	৫৮৫.০০	৪২.১১৯	৬৪.৫৩৮	৪৩৫.২১৫	৩৬৬৪.৭৫৩
০৪।	সেমুতাং	০১	০১	১। গ্যাস	০.০১৬	৬.০০	০.৭০৪	০.৯৫	৬.৭৫৫	৪২১.৪৫
				২। কনডেনসেট	-	-	-	-	-	৮২৬.৬৮৪
০৫	সুন্দলপুর	০২	০২	১। গ্যাস	০.০৯৯	৩৬.০০	২.৬২৬	৩.২৩৭	২৩.৯৪২	৭৬৫.৬০৮
				২। কনডেনসেট	০.০২৭	১০.০০	-	-	-	১৮৪.৪৯৯
০৬।	শ্রীকাইল	০৪	০৪	১। গ্যাস	০.৭৯৫	২৯০.০০	১৪.২৯৫	১৬.৫৩৩	১৫৪.৫৫৯	৪৩৯৪.৯৬
				২। কনডেনসেট	১৭.৯১৮	৬৫৪০.০০	২৮৮.২৩৫	২৯৯.৮৭৪	৩২৭২.৭৯	৬৪৯০৪.৯৫৩
০৭।	বেগমগঞ্জ	০১	০১	১। গ্যাস	০.৬০৮৩	৭৩.০০	৫.৭১৮	৬.৩৭	৫০.৭৩	৪৯৩.২৭১
				২। কনডেনসেট	১.০৮৩	১৩০.০০	৮.৫৫৬	৭.৭৩৪	৮১.০১	৮১২.০৩১
০৮।	রূপগঞ্জ	-	-	১। গ্যাস	-	-	-	-	-	১৯.২২৯
				২। কনডেনসেট	-	-	-	-	-	১৮০.০৮৩

গ্যাসঃ এমএমএসসিএম (১ কিউঃ মিঃ = ৩৫.৩১৪৭ কিউঃ ফিট)

কনডেনসেটঃ হাজার লিটার (১ ব্যারেল = ১৫৯ লিটার)

(২) বিক্রয়ের বিবরণ :

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	গ্যাস ক্ষেত্র	উৎপাদিত দ্রব্য	বিক্রয়ের পরিমাণ (ফেব্রুয়ারি' ২০২৫)	ক্রমপুঞ্জিত (ফেব্রুয়ারি' ২০২৫) (২০২৪-২০২৫)	ভ্যাট প্রদান (ফেব্রুয়ারি' ২০২৫)	ভ্যাট বাদে মূল্য (ফেব্রুয়ারি' ২০২৫)	মোট মূল্য (ফেব্রুয়ারি' ২০২৫)	ক্রমপুঞ্জিত মূল্য (২০২৪-২০২৫)
০১।	সালদানদী	১। গ্যাস	২.২২৭৮	২১.২৭৪২	৪৯.৬২৯০	৮৯.১১২৭	১৩৮.৭৪১৭	১৩২৭.৭১১৯
		২। কনডেনসেট	-	৬৭.৫০০	-	-	-	৪৩.৪৭০০
০২।	ফেঞ্চুগঞ্জ	১। গ্যাস	৬.৭২০৩	৫৯.২১৫৯	১৪৯.৭০৭৬	২৬৮.৮১১৪	৪১৮.৫১৯০	৩৬৯৫.০৭০৬
		২। কনডেনসেট	-	-	-	-	-	-
৩।	শাহবাজপুর	১। গ্যাস	৫৪.৬২৯৯	৪৬৮.৩৩৩০	১১৬৪.০৬৫২	২১৮২.৬৬৪৯	৩৩৪৬.৭৩০১	২৮৬৯০.৯৫৭৯
		২। কনডেনসেট	৮১.০০০	৪০৫.০০০	৩.৬২৮৮	২২.১৫৩৫	২৫.৭৮২৩	১২৮.৯১১৬
০৪।	সেমুতাং	১। গ্যাস	০.৭০১৬	৬.৭৭৬৭	২০.৯৭১৪	২৮.০৬৫৬	৪৯.০৩৭০	৪৭৩.৬১৭১
		২। কনডেনসেট	-	-	-	-	-	-
০৫।	সুন্দলপুর	১। গ্যাস	২.৬২৪৯	২৪.০২৭৮	৫৯.৬১৮১	১০৪.৯৯৬৩	১৬৪.৬১৪৩	১৫০৬.৮৪১৭
		২। কনডেনসেট	-	-	-	-	-	-
০৬।	শ্রীকাইল	১। গ্যাস	১৪.২৩৫৫	১৫৪.৫৬৬৪	১৮১.৬৫৩৯	৫৫৯.৩৩০০	৭৪০.৯৮৩৯	৮০০৩.৫১৩৩
		২। কনডেনসেট	২৭০.০০০	৩১৯৯.৫০০	২২.৬৮০০	১৫১.২০০০	১৭৩.৮৮০০	২০৬০.৪৭৮০
০৭।	বেগমগঞ্জ	১। গ্যাস	৫.৭১১১	৫০.৮৮৭১	১২৯.৭১২৭	২২৮.৪৪৩৩	৩৫৮.১৫৬০	৩১৯১.২৫৬৭
		২। কনডেনসেট	২৭.০০০	১০৮.০০০	২.২৬৮০	১৫.১২০০	১৭.৩৮৮০	৬৯.৫৫২০

গ্যাসঃ এমএমএসসিএম (১ কিউঃ মিঃ = ৩৫.৩১৪৭ কিউঃ ফিট)

কনডেনসেটঃ হাজার লিটার (১ ব্যারেল = ১৫৯ লিটার)

১। কেন্দ্রীয় যানবাহন মেরামত কারখানা, ঢাকা :

উক্ত কারখানায় ১২ টি হালকা যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং সার্ভিসিং করা হয়েছে।

২। প্রধান কার্যালয় ঢাকা :

প্রধান কার্যালয়ে বিভিন্ন প্রকল্পের কার্যক্রম নিম্নরূপঃ

- ক) বিজয়-১০ (ZJ70DBS), বিজয়-১১ (ZJ40DBT), বিজয়-১২ (ZJ50DBS) ও XJ650T রিগ যন্ত্রপাতি এবং ভারী যানবাহন যেমনঃ ফ্রেন, ফর্ক লিফটার, ট্রাক ও ট্রেইলার ইত্যাদির চলমান রক্ষণাবেক্ষণ, মেরামত কার্যক্রম পরীক্ষণ, পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ করা হয়েছে।
- খ) রিগসমূহে ব্যবহারের লক্ষ্যে রিগ যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ক্রয়ের আন্তর্জাতিক ও স্থানীয় ক্রয় প্রক্রিয়া সংক্রান্ত কাজ করা হয়েছে।
- গ) চলমান প্রকল্পসমূহে মালামাল লোডিং/ অফলোডিং ও স্থানান্তর কাজে নিয়োজিত ভারী যানবাহনসমূহ মেরামতের লক্ষ্যে খুচরা যন্ত্রাংশ ক্রয়ের আন্তর্জাতিক ও স্থানীয় ক্রয় প্রক্রিয়া সংক্রান্ত কাজ করা হয়েছে।

৩। বিবিধ :

- ক) বিজয়-১২ রিগ দ্বারা কৈলাশটিলা-৭ ওয়ার্কওভার কাজ চলমান আছে।
- খ) বিজয়-১০ রিগ দ্বারা জামালপুর-১ প্রকল্পের কূপ খনন কাজ চলমান।
- গ) বিজয়-১১ রিগ দ্বারা তিতাস-১৬ প্রকল্পের পুনঃওয়ার্কওভার কাজ চলমান।
- ঘ) বিজয়-১৮ রিগ দ্বারা সিলেট#৭ কূপের ওয়ার্কওভার কাজ শেষ হয়েছে। বর্তমানে রিগ মেরামত কাজ চলমান।

8.৮

রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট বিভাগ

- ক) বাপেক্সের সালদানদী, ফেঞ্চুগঞ্জ, শাহবাজপুর, সেমুতাং, শাহজাদপুর-সুন্দলপুর, শ্রীকাইল ও বেগমগঞ্জ গ্যাসক্ষেত্র সমূহ থেকে জানুয়ারি ২০২৫ মাসে উৎপাদিত গ্যাস, কনডেনসেট, পানি ও FWHP/SIWHP সংক্রান্ত উপাত্তসমূহ গ্রহণ করে যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।
- খ) সালদানদী গ্যাসক্ষেত্রের গ্যাস, কনডেনসেট ও পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন, ফেব্রুয়ারি ২০২৫ এবং ফেঞ্চুগঞ্জ গ্যাসক্ষেত্রের গ্যাস, লিকুইড হাইড্রোকার্বন ও পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন ফেব্রুয়ারি ২০২৫ গ্রহণ করে যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।
- গ) ডাটা ম্যানেজমেন্ট সিস্টেম উন্নয়নের লক্ষ্যে ডাটা ম্যানেজমেন্ট উপবিভাগে সংরক্ষিত এবং সাম্প্রতিক সময়ে প্রাপ্ত হার্ডকপি তথ্য/উপাত্তসমূহ যাচাই-বাছাই পূর্বক যথাযথভাবে ডাটা শিট (এক্সেল শিট) এর মাধ্যমে নতুনভাবে প্রনয়ন করা হচ্ছে এবং হার্ডকপিসমূহ ডাষ্ট-ফ্রি রাখা এবং পোকামাকড় থেকে রক্ষার জন্য পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ চলমান আছে।
- ঘ) টেপ সেকশনে সংরক্ষিত টেপ সমূহ নিয়মিতভাবে টেপ ক্লিনিং মেশিন দ্বারা পরিষ্কার করা হচ্ছে এবং ডিজিটাল ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমে ব্যবহৃত সকল কম্পিউটার, স্টোরেজ ডিভাইসসহ অন্যান্য আনুসঙ্গিক ডিভাইস নিয়মিত পর্যবেক্ষণের মাধ্যমে সচল রাখা হচ্ছে।
- ঙ) ডাটা ম্যানেজমেন্ট উপ-বিভাগে সংরক্ষিত হাইড্রোকার্বন অনুসন্ধান ও উৎপাদন সংক্রান্ত যাবতীয় ডাটার হার্ডকপিসমূহের স্ক্যান্ড কপি/ইমেজ কপি এবং ফিল্ড ম্যাগনেটিক টেপসমূহের ডাটা SEG-Y Format এ রূপান্তরিত ডিজিটাল ডাটাসমূহ কম্পিউটার হার্ডডিস্ক, DVD এবং এক্সটারনাল হার্ডডিস্কে কপি করে সংরক্ষণ করা হচ্ছে।
- চ) ডাটা ম্যানেজমেন্ট উপ-বিভাগে সংরক্ষিত হাইড্রোকার্বন অনুসন্ধান ও উৎপাদন সংক্রান্ত যাবতীয় তথ্য-উপাত্ত ভান্ডারকে যথাযথ ও সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে সুবিধা গ্রহণের লক্ষ্যে একটি WebGIS based Data Management Inventory System তৈরির প্রক্রিয়ায় software development এর কাজ চলমান রয়েছে।
- ছ) রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট বিভাগের 'Digital Data Lab' সংস্কার এবং 'Reservoir Engineering Lab' ও 'G & G Exploration Lab' স্থাপনের প্রক্রিয়া চলমান।
- জ) Reservoir Engineering কাজের জন্য প্রয়োজনীয় কারিগরী উপাত্তের তালিকা প্রণয়ন ও সংগ্রহের কাজ চলমান রয়েছে।
- ঝ) Reservoir Engineering Software ক্রয়ের নিমিত্তে কারিগরী বিবরণ ও প্রাক্কলন তৈরির উদ্দেশ্য Vendor এর সাথে আলোচনা/যোগাযোগ করা হচ্ছে।
- ঞ) G & G Software ক্রয়ের নিমিত্তে কারিগরী বিবরণ ও প্রাক্কলন তৈরির উদ্দেশ্য Vendor এর সাথে আলোচনা/যোগাযোগ করা হচ্ছে।
- ট) বাপেক্স-এর বিভিন্ন গ্যাসক্ষেত্র সমূহ পুনর্মূল্যায়নের লক্ষ্যে যাবতীয় কারিগরী তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও পর্যালোচনার কাজ চলমান রয়েছে।
- ঠ) ভূতত্ত্ব বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও বাপেক্স এর sequence stratigraphic framework & Petroleum System Modeling শীর্ষক যৌথ গবেষণার নিমিত্তে ব্যবস্থাপনা মহোদয়ে অনুমোদন গ্রহণ করা হয়েছে এবং এতদসংক্রান্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব বিভাগ হতে আগত পত্রের প্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ে অনুমোদনক্রমে বাপেক্স হতে একটি টিম গঠন করা হয়েছে।

৪.৯ প্লানিং এন্ড আইসিটি বিভাগ

- ক) ভোলা নর্থ গ্যাস ক্ষেত্রের জন্য ৬০ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন প্রসেস প্লান্ট সংগ্রহ ও স্থাপন প্রকল্পটি ১৪ জানুয়ারি ২০২৫ তারিখে প্রশাসনিক আদেশ জারি হয়। সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালক ১৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে যোগদান করেছেন। AMS এ ২০২৪-২৫-এ প্রকল্পের আরডিপিপি'র তথ্য/চাহিদা হালনাগাদ করা হয়েছে। গত ০৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান বরাবর NOA জারি করা হয়েছে। ভূমি অধিগ্রহণ: ১) প্রসেস প্লান্ট-এর ১০ একর ভূমির ৭ ধারা জারি হয়েছে; ২) গ্যাস গ্যাদারিং লাইনের ৫ একর ভূমি অধিগ্রহণের লক্ষ্যে ৪ ধারা জারির জন্য অপেক্ষমাণ রয়েছে।
- খ) ২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ৭ এন্ড ৯ প্রকল্পটি ১৩ জানুয়ারি ২০২৫ তারিখে প্রশাসনিক আদেশ জারি হয়েছে। সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালক ১৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে যোগদান করেছেন। AMS এ ২০২৪-২৫-এ প্রকল্পের আরডিপিপি'র তথ্য/চাহিদা হালনাগাদ করা হয়েছে।
- গ) ৩টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ডিপ-১, মোবারকপুর ডিপ-১ ও ফেঞ্চুগঞ্জ সাউথ-১) খনন প্রকল্পের ডিপিপি অর্থ বিভাগ হতে গত ০১ জানুয়ারি ২০২৫ তারিখে প্রদত্ত প্রকল্পের লিকুইডিটি সার্টিফিকেট-এর শর্তাবলীর আলোকে প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি ২৯ জানুয়ারি ২০২৫ তারিখে পেট্রোবাংলা হতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। বর্তমানে প্রকল্প যাচাই কমিটির সভায় উপস্থাপনের জন্য অপেক্ষমাণ।
- ঘ) “২০০০ হর্স পাওয়ার রিগ ক্রয় প্রকল্প” শীর্ষক প্রকল্পের আওতায় ২০০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন এসি-এসি ভিএফডি খনন রিগ ক্রয়ের জন্য রিগের কারিগরি বিনির্দেশ (Technical Specification) অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি'র উপর ০৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে প্রকল্প যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভার নির্দেশনা অনুসারে কারিগরি বিনির্দেশ যাচাইকরণের লক্ষ্যে কারিগরি কমিটি গঠনের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। কারিগরি কমিটির সুপারিশ অনুযায়ী নতুনভাবে রিগের ব্যয় প্রাক্কলন করতঃ ডিপিপি পুনর্গঠন করা হবে।
- ঙ) ৪টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (শাহবাজপুর-৫, ৭ এবং ভোলা নর্থ-৩, ৪) এবং ১টি অনুসন্ধান কূপ (শাহবাজপুর নর্থ ইস্ট-১) খনন প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি ২৯ জানুয়ারি ২০২৫ তারিখে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। পেট্রোবাংলার মৌখিক নির্দেশে পুনর্গঠিত ডিপিপি ০৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে পুনরায় প্রেরণ করা হয়েছে। ১৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে প্রকল্প যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী অনুসারে ডিপিপি পুনর্গঠন প্রক্রিয়াধীন রয়েছে।
- চ) ১টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (বেগমগঞ্জ-৫) এবং ২টি অনুসন্ধান কূপ (বেগমগঞ্জ-৬ ও সুনত্র-২) খনন প্রকল্পের Feasibility Study সম্পাদনের কার্যক্রম সম্পন্ন হয়েছে। প্রকল্পের অর্থায়নের প্রকৃতি নির্ধারণের লক্ষ্যে ২৮ জানুয়ারি ২০২৫ তারিখে ডিপিপি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে অর্থবিভাগে প্রেরণ করা হয়েছে। ২৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে অর্থ বিভাগ কর্তৃক অর্থায়নের প্রকৃতি নির্ধারণপূর্বক পত্র প্রেরণ করা হয়েছে।
- ছ) ৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন, মনপুরা এন্ড হাতিয়া প্রকল্পের অর্থায়নের প্রকৃতি নির্ধারণের লক্ষ্যে ২৬ জানুয়ারি ২০২৫ তারিখে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছিল। ডিপিপিটি পরীক্ষান্তে পেট্রোবাংলার প্লানিং এন্ড মনিটরিং বিভাগ কর্তৃক কিছু পরিমার্জনের জন্য সুপারিশ করা হয়। সে মোতাবেক সংশ্লিষ্ট অংশের পরিমার্জনপূর্বক ডিপিপি পুনরায় পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে।
- জ) ১টি মূল্যায়ন কূপ (জকিগঞ্জ-২) ও ১টি অনুসন্ধান কূপ (জকিগঞ্জ-৩) খনন প্রকল্পের প্রণীত খসড়া উন্নয়ন প্রকল্প প্রস্তাব অনুমোদনের লক্ষ্যে প্রক্রিয়াকরণের জন্য উপস্থাপন করা হলে পরিচালনা পর্ষদ, পেট্রোবাংলা কর্তৃক ২১ জানুয়ারি ২০২৫ তারিখে গঠিত কারিগরি কমিটি কর্তৃক অধিকতর পর্যালোচনার বিষয়ে সিদ্ধান্ত প্রদান করে এবং সে মোতাবেক ৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে প্রকল্পটির সংশ্লিষ্ট তথ্যাদি কারিগরি কমিটির নিকট প্রেরণ করা হয়। কমিটি কর্তৃক “জকিগঞ্জ-২ মূল্যায়ন কূপ অগ্রাধিকার ভিত্তিতে ২০২৫ সালের মধ্যে এবং পর্যায়ক্রমে জকিগঞ্জ-৩ অনুসন্ধান কূপ খনন করা সমীচীন হবে” মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। সে অনুযায়ী ডিপিপি প্রণয়ন করে ১৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে।
- ঝ) ১টি মূল্যায়ন কাম অনুসন্ধান কূপ (সুন্দলপুর-৫) এবং ২টি অনুসন্ধান কূপ (সুবর্ণচর-১ ও নোয়াখালী-১) খনন প্রকল্পের Feasibility Study সম্পাদনের লক্ষ্যে তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান IIFC এর সঙ্গে চুক্তি সম্পাদনের উদ্দেশ্যে ২৪ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে IIFC বরাবর NOA প্রদান করা হয়েছে।
- ঞ) ২টি মূল্যায়ন কূপ (সেমুতাং-৭ ও বেগমগঞ্জ-৭) এবং ১টি অনুসন্ধান কূপ (চরলক্ষ্যা-১) খনন প্রকল্পের Feasibility Study সম্পাদনের লক্ষ্যে তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান IIFC এর সঙ্গে চুক্তি সম্পাদনের উদ্দেশ্যে ২৪ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে IIFC বরাবর NOA প্রদান করা হয়েছে।
- ট) ৫টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (শাহবাজপুর-৯, ১০ এবং ভোলা নর্থ- ৫, ৬, ৭) খনন প্রকল্পের বর্ণিত ৫টি কূপ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পিপিআর-২০০৮ অনুসরণে আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্র আহ্বানের মাধ্যমে টার্ন-কি ভিত্তিতে খননের লক্ষ্যে ভূতাত্ত্বিক ও প্রকৌশল বিষয়ক কারিগরি প্রতিবেদন চূড়ান্ত করা হচ্ছে।
- ঠ) অনির্দিষ্ট কার্যক্রম বিষয়ক মাসিক প্রতিবেদন প্রণয়ন করতঃ পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। APA সংশ্লিষ্ট কার্যক্রমে সহায়তা করা হয়েছে।
- ড) পেট্রোবাংলা ও মন্ত্রণালয়ের চাহিদার প্রেক্ষিতে বিভিন্ন ধরনের তথ্য- উপাত্ত সরবরাহ করা হয়েছে। তাছাড়া কোম্পানির সার্বিক কার্যক্রম (মাস ভিত্তিক) অভিন্ন ফরমেট-এ পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। বাপেক্স পরিচালিত গ্যাসক্ষেত্রসমূহের গ্যাস ও কনডেনসেট উৎপাদন ও বিক্রয় বিবরণী প্রস্তুত ও প্রেরণ।

- ঢ) ই-জিপি তথ্য সংশোধন এবং ইউজার টেকনিক্যাল সাপোর্ট প্রদান, ৩৫ জন কর্মকর্তার দাপ্তরিক তথ্যাবলী হালনাগাদকরণ, ডিজিটাল ডিসপ্লে তথ্যাদি হালনাগাদকরণ।
- ণ) বিভিন্ন বিভাগের চাহিদার প্রেক্ষিতে আইসিটি ও এমআইএস উপবিভাগের মাধ্যমে ইন্টারনেট সংযোগ, পিএবিএক্স সংযোগ, কম্পিউটারে হার্ডওয়্যার ও সফওয়্যার সেট-আপ সহ প্রয়োজনীয় সেবা প্রদান করা হয়েছে।
- ত) দরপত্র, অফিস আদেশ, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, বার্ষিক ক্রয় পরিকল্পনা, বার্ষিক প্রতিবেদন ও হালনাগাদ সিটিজেন চার্টার, মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার এবং ই-গভর্ন্যান্স ও ইনোভেশন সংক্রান্ত সভার কার্যপত্র ও অগ্রগতির প্রতিবেদন আপলোড করা হয়েছে।
- থ) বাপেক্স পরিচালনা পর্ষদ সভাসহ বিভিন্ন সংস্থার সাথে আয়োজিত ৩টি অনলাইন সভা আয়োজন ও কারিগরি সহায়তা প্রদান। এইচআরএম শাখা কর্তৃক আয়োজিত ২টি প্রশিক্ষণ কার্যক্রমে প্রজেক্টর, ডিসপ্লে ও সাউন্ড সিস্টেম সংক্রান্ত আইটি সাপোর্ট প্রদান।
- দ) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের নির্ধারিত নতুন ছকে বাপেক্সের কার্যাবলীর মাসিক প্রতিবেদন পেট্রোবাংলায় (এমআইএস উপবিভাগ) প্রেরণ। মন্ত্রিপরিষদ বিভাগে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের মাসিক কর্মকাণ্ডের বিবরণী মহাব্যবস্থাপক (অর্থ) বরাবর প্রেরণ।
- ধ) এইচআরএম উপবিভাগ কর্তৃক স্থানীয় প্রশিক্ষণ যথাক্রমে “খনন বিভাগে কর্মরত টুলপুশার, খননবিদ এবং সহকারী খননবিদদের ওয়েল কন্ট্রোল বিষয়ে স্থানীয় প্রশিক্ষণ (ইনহাউজ)” (২৮.০১.২০২৫ হতে ০৩.০২.২০২৫), “Short Course on ‘Pump Operations, Maintenance and Testing’” (৩১.০১.২০২৫ হতে ০২.০২.২০২৫), “Government Office Management with Google & AI (GOMGA-32nd)” (০২.০২.২০২৫ হতে ১৩.০২.২০২৫), “Corrosion Control and Cathodic Protection” (০৯.০২.২০২৫ হতে ১৩.০২.২০২৫), “শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ” (১৭.০২.২০২৫), “Training on Project Management” (২৩.০২.২০২৫ হতে ২৫.০২.২০২৫), “শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ” (২৫.০২.২০২৫) শীর্ষক প্রশিক্ষণসমূহের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণসমূহে সর্বমোট স্থানীয় প্রশিক্ষণার্থীর সংখ্যা ছিলো ৩৪৭ জন।
- “Importance of PVT analysis for gas production” শীর্ষক ওয়ার্কশপ (২০.০২.২০২৫), “ডি-নথি ব্যবহার সংক্রান্ত কর্মশালা” শীর্ষক শিখন (২৪.০২.২০২৫) আয়োজন করা হয়েছে। উক্ত সেমিনারসমূহে মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা ছিলো ১৪৫ জন।
- ন) “১টি মূল্যায়ন কূপ (জকিগঞ্জ-২) ও ১টি অনুসন্ধান কূপ (জকিগঞ্জ-৩) খনন” শীর্ষক প্রকল্পের Environmental Impact Assessment (EIA) সম্পাদনের জন্য একক উৎসভিত্তিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োজিতকরণের লক্ষ্যে IIFC কে LOA (Letter of Acceptance) প্রদান করা হয়েছে।
- প) “১টি মূল্যায়ন কাম অনুসন্ধান কূপ (সুন্দলপুর-৫) এবং ২টি অনুসন্ধান কূপ (সুবর্ণচর-১ ও নোয়াখালী-১) খনন” শীর্ষক প্রকল্পের Environmental Impact Assessment (EIA) সম্পাদনের জন্য একক উৎসভিত্তিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োজিতকরণের লক্ষ্যে IIFC কে LOA (Letter of Acceptance) প্রদান করা হয়েছে।
- ফ) “২টি মূল্যায়ন কূপ (সেমুতাং-৭ ও বেগমগঞ্জ-৭) এবং ১টি অনুসন্ধান কূপ (চরলক্ষ্যা-১) খনন” শীর্ষক প্রকল্পের Environmental Impact Assessment (EIA) সম্পাদনের জন্য একক উৎসভিত্তিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োজিতকরণের লক্ষ্যে IIFC কে LOA (Letter of Acceptance) প্রদান করা হয়েছে।
- ব) বাপেক্স ভবনের অগ্নি নিরাপত্তার স্বার্থে ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স কর্তৃক প্রদানকৃত অগ্নি প্রতিরোধ ও অগ্নি নির্বাপন ব্যবস্থাদি সম্পর্কিত প্রতিবেদনে উল্লেখিত সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য সেবা উপ-বিভাগ, প্রশাসন বিভাগ বরাবর একটি আন্তঃবিভাগীয় পত্র জরুরীভিত্তিতে প্রেরণ করা হয়েছে।
- ভ) অগ্নিবুঁকি প্রতিরোধে এইচএসই উপবিভাগ কর্তৃক Combustible Gas Detector দ্বারা বাপেক্স ভবনের বিভিন্ন স্থানের সম্ভাব্য গ্যাস লিকেজ জোনে গ্যাস লিকেজ পর্যবেক্ষণ করা হয়েছে।
- ম) পেট্রোবাংলা কর্তৃক চাহিদাকৃত বাপেক্সের বিভিন্ন গ্যাস ক্ষেত্র/স্থাপনায় গ্যাস ডিটেক্টর সংক্রান্ত এবং বাপেক্সে কর্মরত এনভায়রনমেন্ট এন্ড সেইফটি সেকশন/ডিপার্টমেন্ট-এ কর্মরত কর্মকর্তাদের সম্পর্কিত হালনাগাদ তথ্য যথাযথভাবে সংগ্রহ করে প্রেরণ করা হয়েছে।
- য) বাপেক্সের বিভিন্ন বিভাগ/প্রকল্প/গ্যাসক্ষেত্র/স্থাপনাসমূহ থেকে জানুয়ারী’২০২৫ মাসের HSE প্রতিবেদন সংগ্রহ এবং সংগৃহীত প্রতিবেদন কম্পাইল করে পেট্রোবাংলায় প্রেরণের ব্যবস্থা নেয়া হয়েছে।
- বাপেক্স এর কেপিআই ও কেপিআই বর্হিভূত স্থাপনাসমূহের নিরাপত্তা ব্যবস্থা মনিটরিং বিষয়ক দৈনিক প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে।

8.10

আঞ্চলিক কার্যালয়, বাপেক্স, চট্টগ্রাম

- ক) সাধারণ প্রশাসন উপ-বিভাগের মাধ্যমে ফেব্রুয়ারি ২০২৫ মাসেন যাবতীয় বিল, বেতন ভাতা পরিশোধ করা হয়েছে। বিবিধ নথি উত্থাপন, প্রেরণ/গ্রহণ করা হয়েছে।
- খ) বর্ণিত সময়ে সিএন্ড এফ শাখার মাধ্যমে ০১টি চালানের মালামাল বন্দর হতে খালাস করা হয়েছে। ক্রয়াদেশ নং-১৯০৯, তারিখ-১৩/০৮/২০২৩ এবং ক্রয়াদেশ নং-১৯২৬, তারিখ-০৪/০৬/২০২৪ এর কমিশন বিল ২টি পরিশোধের জন্য প্রশাসন বিভাগ, বাপেক্স, ঢাকায় প্রেরণ করা হয়েছে।
- গ) কেন্দ্রীয় সাধারণ ভান্ডার উপ-বিভাগের মাধ্যমে বর্ণিত সময়ে ক্রয়াদেশ নং-১৯২৭ এর বিপরীতে আমদানীকৃত মালামাল (ফুয়ের ট্যাংকার ট্রাক) এর এম.আর.আর গঠিত কমিটির মান পরিমাপক সনদের ভিত্তিতে করা হয়েছে। এছাড়া স্থানীয়ভাবে ক্রয়কৃত মালামাল এর এম.আর.আর মান পরিমাপক সনদের ভিত্তিতে করা হয়েছে। লিখিত বার্তা/চাহিদার পরিপ্রেক্ষিতে বিভিন্ন খনন/ওয়ার্কওভার প্রকল্পে/স্থাপনায় বিভিন্ন মালামাল/গাড়ীর স্প্যার পার্টস প্রেরণ করা হয়েছে। লোকাল/ফরেন রিকুইজিশন ফরম, ডি.এন এর মাধ্যমে চট্টগ্রাম জোনাল অফিসের বিভিন্ন উপবিভাগ/শাখাকে চাহিদানুযায়ী মালামাল ইস্যু করা হয়েছে। এছাড়া মালামালের ইনডেক্সিং, গোডাউনে স্টোরের মালামাল পুনর্বিদ্যাস এবং ভান্ডার এলাকার রক্ষণাবেক্ষন করা হয়েছে।
- ঘ) আন্তর্জাতিক ক্রয়াদেশ নং-বাপেম/এডমিন/১৯১৭ এর বিপরীতে আমদানীকৃত Electrical Spare Parts for Bijoy (ZJ40DBT) Rig (Lot-2: Air Compressors Make: Sullair Modes: WS3010AC) এর মালামাল গ্রহণ ও সংরক্ষণ করা হয়েছে। বর্ণিত সময়ে আন্তর্জাতিক ক্রয়াদেশ নং বাপেক্স/এডমিন/১৮৫৪ এর বিপরীতে আমদানীকৃত Electrical Spare Parts for Bijoy-10 & 12 Rig (Lot-1), আন্তর্জাতিক ক্রয়াদেশ নং বাপেক্স/এডমিন/১৮৫৫ এর বিপরীতে আমদানীকৃত Electrical Spare Parts for Bijoy for Bijoy-10 & 12 Rig (Lot-২), আন্তর্জাতিক ক্রয়াদেশ নং বাপেক্স/এডমিন/১৮৯৩(আর) এর বিপরীতে আমদানীকৃত Electrical Spare Parts for Bijoy-12 (ZJ50DBS) Rig (Lot-1: Canring Top Drive Model: 1250AC-681 & Serial No.1161), এবং আন্তর্জাতিক ক্রয়াদেশ নং বাপেক্স/এডমিন/১৮৬৩ এর বিপরীতে আমদানীকৃত Drill line for XJ650 T Rig এর মান পরিমাপক সনদ সম্পন্ন করা হয়েছে।
- ঙ) লিখিত বার্তা/চাহিদার পরিপ্রেক্ষিতে জামালপুর-১ কুপ খনন প্রকল্প, তিতাস-১৬ ওয়ার্কওভার প্রকল্পে খনন ও উৎপাদন বিভাগের মালামাল প্রেরণ করা হয়েছে। এছাড়া বিভিন্ন মালামালের ইনডেক্সিং, মার্কিং, গোডাউনে স্টোরের মালামাল সংরক্ষণ, পুনর্বিদ্যাস এবং ভান্ডার এলাকা রক্ষণাবেক্ষণ করা হয়েছে।
- চ) সেন্ট্রাল অটোমোবাইল এন্ড ইলেক্ট্রিক্যাল ওয়ার্কশপ উপ-বিভাগ ও সেন্ট্রাল মেশিনশপ এন্ড ড্রিলিং ইকুইপমেন্ট উপবিভাগের মাধ্যমে বিভিন্ন গাড়ীর প্রয়োজনীয় মেরামত ও সার্ভিসিং করা হয়েছে।
- ছ) মহাব্যবস্থাপক (প্রকৌশল) মহোদয়ের নির্দেশক্রমে মালামাল শিফটিং এবং ভান্ডারের চাহিদার প্রেক্ষিতে মাড ক্যামিক্যাল ড্রিলিং মালামালসহ গাড়ি জামালপুর-১ অনুসন্ধান কুপ খনন প্রকল্পে প্রেরণ করা হয়েছে।
- জ) অটোমোবাইল শাখার মাধ্যমে ২টি গাড়ির চেকিংপূর্বক প্রয়োজনীয় মেরামত করা হয়েছে।

৫।

বিবিধ তথ্য

৫.১ লোকবল :

ক্রমিক নং	জাতীয় বেতন স্কেল (২০১৫)	সংখ্যা		মন্তব্য
		কর্মকর্তা	কর্মচারী	
১	৭৮,০০০ (নির্ধারিত)	-	-	-
২	৬৬,০০০-৭৬,৪৯০	০১	-	
৩	৫৬,৫০০-৭৪,৪০০	১৩	-	
৪	৫০,০০০-৭১,২০০	৬৯	-	
৫	৪৩,০০০-৬৯,৮৫০	১২৩	-	
৬	৩৫,৫০০-৬৭,০১০	৭৬	-	
৭	২৯,০০০-৬৩,৪১০	-	-	
৮	২৩,০০০-৫৫,৪৭০	-	-	
৯	২২,০০০-৫৩,০৬০	১১১	-	
১০	১৬,০০০-৩৮,৬৪০	৫৮	-	
১১	১১,০০০-২৬,৫৯০	-	৬৬	
১২	১০,২০০-২৪,৬৮০	-	৩৭	
১৩	৯,৭০০-২৩,৪৯০	-	-	
১৪	৯,৩০০-২২,৪৯০	-	২৮	
১৫	৯,০০০-২১,৮০০	-	০৮	
১৬	৮,৮০০-২০,৫৭০	-	০৯	
১৭	৮,৫০০-২০,২৯০	-	০৮	
১৮	৮,২৫০-২০,০১০	-	৩৮	
	মোটঃ	৪৫১	১৯৪	
১৯	ক) প্রেষণে পেট্রোবাংলা ও পেট্রোবাংলা বহির্ভূত অন্যান্য কোম্পানী হতে -	০৪	-	
	মোটঃ	০৪	-	
	সর্বমোটঃ	৪৫৫	১৯৪	
সর্বমোট (কর্মকর্তা+কর্মচারী) = ৬৪৯				

* বাপেক্সের একজন কর্মকর্তা এমডি হিসেবে এসজিএফএলে ডেপুটেশনে রয়েছেন।

৫.২ কোম্পানীর e-Governance সংক্রান্ত তথ্যঃ

৫.২.১	কর্মকর্তা-৪৫৫ জন	কর্মচারী-১৯৪ জন	মোট জনবল-৬৪৯ জন
৫.২.২	PC ব্যবহারকারী কর্মকর্তা-৪২২ জন	PC ব্যবহারকারী কর্মচারী-৪০ জন	PC ব্যবহারকারী মোট জনবল-৪৬২ জন

৫.২.৩ বাপেক্স এর প্রধান কার্যালয়ে স্থাপিত কম্পিউটার এবং সরঞ্জামাদির বিবরণীঃ

i) PC -র সংখ্যা-২১৩ টি	vii) Printer সংখ্যা-১৬৫ টি
ii) Server-র সংখ্যা- ০৭ টি	viii) Scanner সংখ্যা-৪৩ টি
iii) DVD Writer -র সংখ্যা-২১৩ টি	x) Multimedia Projector সংখ্যা-০৪টি
iv) Digital Camera -র সংখ্যা-০২ টি	xi) Edge Modem: 07 nos. (4 in Drilling field, 3 in production field.
v) Laptop Computer -র সংখ্যা-২৮ টি	xii) GPRS Network: Between project and head office.
vi) Internet connectivity: (50+101) Mbps by fiberoptics.	xiii) Video Conferencing Sysytem with 80 inch Interactive Digital Display at head office.: 01 Set

৫.২.৪ কোম্পানীর Website Address: www.bapex.com.bd

৫.২.৫	ইন্টারনেটের সাথে সংযোগকৃত PC এর সংখ্যা-২১৩ টি
৫.২.৬	কোম্পানীর ইন্টারনেট সংযোগের ধরন- ব্রডব্যান্ড
৫.২.৭	বাপেক্স ডোমেইনে নিবন্ধিত ই-মেইল ব্যবহারকারী সংখ্যা-৩৭৩ জন।
৫.২.৮	বাপেক্স এর প্রধান কার্যালয়ে স্থাপিত ২১৩ টি কম্পিউটার Wifi Network এর আওতাভুক্ত।
৫.২.৯	Desktop PC- এর Operating System: (ক) Windows-7, (খ) Windows-8.1 এবং (গ) Windows-10
৫.২.১০	Desktop PC- এর Application Software: (১) MS Office-2003, 2007, 2013, 2016 (২) Adobe Photoshop (৩) Adobe Illustrator (৪) AutoCAD (৫) Map Source (৬) Grapher (৭) ArcView (৮) Mesa
৫.২.১১	Other software used in the company: Data Acquisition System Software: Linux version -6.5 (Operating System), e-428XL, e-428 Lite, e-508XT Data Processing Software: ProMAX 2003.3.2, SeisSpace, Geocluster, Geovation Data Interpretation Software: Tigress, Petrel-2014, Humpson-Russell, Basin Mod, Karisma, Petromod, Techlog & Opendtect Plant Automation Software & Firmware: ABB Freelance DCS & YOKOGAWA CENTUM VP for design and Data Acquisition System of the DCS system SIEMENS SIMATIC S-700 (300/400) for design of PLC system. SIEMENS WINCC Profesional for supervisory control and data acquisition (SCADA) and human-machine interface (HMI) system. Also confirm the visibility in operation & production Plant Intelligence Well Profile Management Software.
৫.২.১২	কোম্পানীর Accounting System সম্পূর্ণ Computerised এবং Easy Software-GL Payroll এর মাধ্যমে পরিচালিত হয় এবং একটি নূতন Personnel Management and Pay Accounting Software Install করা হয়েছে। নিয়মিতভাবে data update করা হচ্ছে।
৫.২.১৩	কোম্পানীর Store Inventory System কে Digitized এবং Easy Software-GL Payroll এর মাধ্যমে পরিচালিত এবং একটি নূতন Personnel Management and Pay Accounting Software Install করা হয়েছে। নিয়মিতভাবে data update করা হচ্ছে।

৫.২.১৪ কোম্পানীতে ব্যবহৃত গুরুত্বপূর্ণ E-mail address .

